

মাদারগঞ্জ উপজেলা পরিষদ
বার্ষিক পরিকল্পনা
(২০২০-২০২১)

মাদারগঞ্জ উপজেলা পরিষদ, জামালপুর।

তথ্য, পরিকল্পনা ও বাজেট ২০১৯-২০২৪ মাদারগঞ্জ উপজেলা পরিষদ, জামালপুর।

কারিগরি সহযোগিতা :

উপজেলা পরিষদ, মাদারগঞ্জ।

সার্বিক সহযোগিতা :

মাদারগঞ্জ উপজেলা পরিষদের সম্মানিত সদস্য, উপজেলা পরিচালন উন্নয়ন প্রকল্প
এবং সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

উপজেলা তথ্য, পরিকল্পনা ও বাজেট বই

মাদারগঞ্জ উপজেলা পরিষদ, জামালপুর।

গ্রন্থস্বত্ব :

মাদারগঞ্জ উপজেলা পরিষদ, জামালপুর।

প্রকাশনায় :

মোঃ ওবায়দুর রহমান বেলাল
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
মাদারগঞ্জ, জামালপুর।

সম্পাদনা :

মোহাম্মদ আবুল মনসুর
উপজেলা নির্বাহী অফিসার,
মাদারগঞ্জ, জামালপুর।

অর্থায়নে :

মাদারগঞ্জ উপজেলা পরিষদ, জামালপুর।

সার্বিক সহযোগিতায় :

আব্দুস ছাত্তার লেবু, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর
উপজেলা পরিষদ কার্যালয়, মাদারগঞ্জ, জামালপুর।

তথ্য সংগ্রহ ও কম্পোজ :

আব্দুস ছাত্তার লেবু, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ কার্যালয়, মাদারগঞ্জ,
জামালপুর।
মোঃ আব্দুর রহমান, সি এ কাম ইউডিএ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মাদারগঞ্জ, জামালপুর।

কৃতজ্ঞতায় :

মাদারগঞ্জ উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের বিভাগীয় কর্মকর্তাবৃন্দ ও ইউপি চেয়ারম্যানবৃন্দ, মাদারগঞ্জ,
জামালপুর।

ডিজাইন ও মুদ্রণ :

তথ্য, পরিকল্পনা ও বাজেট ২০১৯-২০২৪

মাদারগঞ্জ উপজেলা পরিষদ, জামালপুর।

উৎসর্গ

প্রিয় মাদারগঞ্জ উপজেলাবাসীকে

বাণী



মাদারগঞ্জ উপজেলা পরিষদের তথ্য পরিকল্পনা এবং বাজেট বই (২০১৯-২০২৪) প্রণয়ন করা হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত হয়েছি। স্থানীয় পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠা, দারিদ্র বিমোচন, স্থানীয় উন্নয়ন ত্বরান্বিত ও তৃণমূল পর্যায়ে অংশীদারিত্বমূলক গণতন্ত্র প্রতিষ্ঠায় এ বইটি সহায়ক ভূমিকা পালন করবে এবং উপজেলা পরিষদের কর্মকাণ্ডকে আরও গতিশীল করবে। এ পরিকল্পনা বই উপজেলা পরিষদের উন্নয়ন কার্যক্রমকে আরো গতিশীল রাখবে এবং এর সূদূর প্রসারী ফলাফল বয়ে আনবে বলে আমার দৃঢ় বিশ্বাস।

মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ঘোষিত “দিন বদলের সনদ” বাস্তবায়নে এ উদ্যোগ যথার্থ ভূমিকা রাখবে বলে আমার প্রত্যাশা। এ উপজেলার সর্বসাধারণের জীবন মানসহ সামগ্রিক উন্নয়নে আমার প্রচেষ্টা অব্যাহত থাকবে।

মাদারগঞ্জ উপজেলা পরিষদের তথ্য, পরিকল্পনা এবং বাজেট বই প্রকাশে আর্থিক ও কারিগরী সহায়তা করায় স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন উপজেলা গভর্ন্যান্স প্রজেক্ট (ইউজেডজিপি) এর মাধ্যমে উন্নয়ন সহযোগী সংস্থাগুলোকে আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি।

মির্জা আজম (এমপি)
জামালপুর-০৩, নির্বাচনী এলাকা
মেলাদহ-মাদারগঞ্জ।

বাণী



ক্ষমতার বিকেন্দ্রীকরণের অংশ হিসেবে ১৯৮২ সালে প্রণীত অধ্যাদেশের মাধ্যমে উপজেলা পরিষদ ব্যবস্থার প্রবর্তন হয়। ১৯৮৫ সালে প্রথম এবং ১৯৯০ সালে ২য় মেয়াদে উপজেলা পরিষদ নির্বাচন হয়। পরবর্তীতে ২০০৯ সালে উপজেলা পরিষদ নির্বাচন সম্পন্ন হয়।

সুশাসন, স্বচ্ছতা, জবাবদিহিতা প্রতিটি কাজে প্রতিটি মানুষের দাবী। সকল কাজ ও প্রকল্পের কর্মপরিকল্পনা, কর্মপদ্ধতি সুচিন্তিত হলে এবং তা যদি সৎ, সুশিক্ষিত, জ্ঞানী, অভিজ্ঞ ও জনপ্রতিনিধি দ্বারা তৈরি করা ও বাস্তবায়িত হয়, তাহলে অবশ্যই সুশাসন প্রতিষ্ঠিত হবে। কাজের স্বচ্ছতা থাকবে, থাকবে জবাবদিহিতা।

আমাদের এই দেশ একটি উন্নয়নশীল দেশ। আমাদের সম্পদ সীমিত কিন্তু মানব সম্পদ অধিক তাই কোন পরিকল্পনা ছাড়া যত্রতত্র অর্থ ব্যয় করে কোন কাজ করলে আমরা কোন দিনই উন্নতির শিখরে আরোহন করতে পারবোনা। বাংলাদেশের প্রতিটি গ্রামে উন্নয়নের ছোঁয়া লাগাতে প্রতিটি উপজেলায় জনসাধারণের কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে উপজেলা পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়নের জন্য একটি পরিকল্পনা প্রনয়ণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

তাই মাদারগঞ্জ উপজেলার প্রতিটি মানুষ যেন এই কর্ম পরিকল্পনার সুফল ভোগ করতে পারে সে জন্য আমি বর্তমান সরকারের আন্তরিকতার হাতকে আরও সম্প্রসারিত করার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি। মাদারগঞ্জ উপজেলার প্রতিটি মানুষ সুখে ও শান্তিতে থাকুক এই আমার একমাত্র প্রত্যাশা।

(মোঃ ওবায়দুর রহমান বেলাল)

চেয়ারম্যান

উপজেলা পরিষদ

মাদারগঞ্জ, জামালপুর।

বানী



১৯৯৮ সালে উপজেলা পরিষদ আইন প্রণীত হলেও উক্ত সময়ে উপজেলা পরিষদের নির্বাচন হয়নি। দীর্ঘ সময় পর বিগত তত্ত্বাবধায়ক সরকার উপজেলা পরিষদ আইন ১৯৯৮ রহিত করে স্থানীয় সরকার (উপজেলা পরিষদ) অধ্যাদেশ ২০০৮ জারির মাধ্যমে উপজেলা পদ্ধতি পুনঃপ্রচলন করে। ২০০৯ সালে উপজেলা পরিষদ নির্বাচন সম্পন্ন হয় এবং প্রায় একই সময়ে উপজেলা পরিষদ (রহিত পুনঃপ্রচলন ও সংশোধন) আইন, ১৯৯৮ পাশ ও জারি করা হয় এবং পরিষদকে অধিকতর কার্যকর করতে ২০১১ সালে উপজেলা পরিষদ (সংশোধন) আইন পাশ হয়।

আমি একজন জনপ্রতিনিধি হিসেবে এই প্রত্যাশা করি যেন মাদারগঞ্জ উপজেলার প্রতিটি মানুষ উন্নয়নের ছোঁয়া থেকে বঞ্চিত না হয়। আমরা হয়তো জনগণের সব আকাঙ্ক্ষা পূরণ করতে পারবনা। কিন্তু চেষ্টা করতে হবে একটু দায়মুক্ত হতে পারি কিনা। জনপ্রতিনিধি এবং উপজেলা প্রশাসন যদি একত্রিত হয়ে কাজ করে তাহলে আমার মনে হয় আমরা আমাদের কাজিত লক্ষ্যে পৌঁছতে পারব।

(মোঃ হুমায়ুন কবির)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
মাদারগঞ্জ, জামালপুর।



বাণী

মহৎ কোন কর্ম সম্পাদনের জন্য প্রয়োজন নির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্য। আর পরিকল্পনা হচ্ছে কাজের অর্ধেক। জীবনের প্রতিটি কাজেই পূর্ব পরিকল্পনা থাকা প্রয়োজন। লক্ষ্য অর্জনের জন্য সুন্দর ও সঠিক কর্মপরিকল্পনা থাকলে আশানুরূপ লক্ষ্য অর্জন হবে। মাদারগঞ্জ উপজেলা আমাদের প্রিয় জন্মভূমি। এ উপজেলায় একটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরী করা হলে আইন-শৃংখলার উন্নতি সাধন, প্রাথমিক, মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার মান উন্নয়ন, যোগাযোগ ও ভৌত অবকাঠামোগত উন্নয়ন, স্বাস্থ্য ও স্যানিটেশন, সমাজসেবা, দারিদ্র দূরীকরণসহ জনকল্যাণ ও সু-শাসন নিশ্চিত হবে।

এ প্রকাশনার সাথে সম্পৃক্ত সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

(সমসাদ আরা বেগম)

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ,

মাদারগঞ্জ, জামালপুর।

বাণী

টেকসই অর্থনৈতিক উন্নয়নের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা অতীব গুরুত্বপূর্ণ বিষয়। সীমিত সম্পদের সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে কাঙ্ক্ষিত উন্নয়ন নিশ্চিত করার জন্য এতদসংক্রান্ত পরিকল্পনা প্রণয়নের কোন বিকল্প নেই। শিক্ষা, স্বাস্থ্য ও অবকাঠামোসহ বিভিন্ন ক্ষেত্রে মাদারগঞ্জ উপজেলার অবস্থান অনেক পিছনে। আগামী পাঁচ বছরে (২০১৯-২০২৪) এ সকল ক্ষেত্রে কাম্যমান অর্জনের মাধ্যমে মাদারগঞ্জ উপজেলাকে সুখী, সমৃদ্ধশালী, দারিদ্রমুক্ত, শিক্ষিত, আনুষ্ঠানিক উপজেলা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে উপজেলা পরিষদ সুনির্দিষ্ট পরিকল্পনা হাতে নিয়েছে।

উন্নয়ন পরিকল্পনায় জনঅংশগ্রহণ বর্তমান সময়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে তৃণমূল পর্যায়ে গণতান্ত্রিক ব্যবস্থা প্রতিষ্ঠিত করার জন্য স্থানীয় সরকারকে প্রতিনিধিত্বমূলক প্রতিষ্ঠান এবং সাথে জনগণের অংশগ্রহণে গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে। উন্নয়ন কর্মসূচিতে সংশ্লিষ্ট জনগোষ্ঠীর অংশগ্রহণ বা মতামত প্রদানের বিষয়টি অবশ্যই খুবই ইতিবাচক ও যুগোপযোগী। এর মাধ্যমে স্থানীয় উপকার ভোগীরা কার্যক্রমটিকে একান্ত নিজের মনে করতে পারে এবং সুষ্ঠুভাবে প্রকল্প বা কাজটি বাস্তবায়নের জন্য স্বেচ্ছায় অবদান রাখে।

মাদারগঞ্জ উপজেলায় পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে জনঅংশগ্রহণ তথা জনগণের মতামতের বিষয়টিকে সর্বোচ্চ প্রাধান্য দেয়া হয়েছে। এ পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে বিগত বছরসমূহে রাজস্ব উন্নয়ন খাতে প্রাপ্তির ধারাবাহিকতায় ভবিষ্যৎ সম্ভাব্য প্রাপ্তির বিষয়টি বিবেচনায় নেওয়া হয়েছে।

মাদারগঞ্জ উপজেলা পরিষদ আগামী পাঁচ (২০১৯-২০২৪) বছরে পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুযায়ী দলমত নির্বিশেষে সকলের জন্য উন্নয়নে অশেষ অবদান রাখবে।

(মোহাম্মদ আবুল মনসুর)
উপজেলা নির্বাহী অফিসার
মাদারগঞ্জ, জামালপুর।

সূচীপত্র

প্রথম অধ্যায় : ভূমিকা, উপজেলার পরিচিতি ও নামকরণ

- ১.১ ভূমিকা।
- ১.২ প্রাচীন কীর্তি।
- ১.৩ মাদারগঞ্জ উপজেলার নামকরণ।
- ১.৪ মাদারগঞ্জ উপজেলার ভৌগলিক পরিচিতি।
- ১.৫ প্রত্যাশা।
- ১.৬ তথ্য, পরিকল্পনা ও বাজেট বই প্রণয়নের উদ্দেশ্য।
- ১.৭ তথ্য, পরিকল্পনা ও বাজেট বই প্রণয়ন প্রক্রিয়া।
- ১.৮ পরিকল্পনা বাস্তবায়ন কৌশল।
- ১.৯ তথ্য, পরিকল্পনা ও বাজেট বই প্রণয়নের সীমাবদ্ধতা।
- ১.১০ মাদারগঞ্জ উপজেলার মানচিত্র।

দ্বিতীয় অধ্যায় : উপজেলা তথ্য ভান্ডার

- ২.১ উপজেলার মৌলিক তথ্য।
- ২.২ উপজেলার বিভাগভিত্তিক তথ্যসমূহ।

প্রথম অধ্যায়

ভূমিকা, উপজেলার পরিচিতি ও নামকরণ

প্রথম অধ্যায় : ভূমিকা

১.১ ভূমিকা

উপজেলা পরিষদ স্থানীয় সরকার ব্যবস্থার দ্বিতীয় ও গুরুত্বপূর্ণ স্তরের স্থানীয় সরকার। উপজেলা পরিষদ আইনে ১৯৯৮ (সংশোধিত ২০০৯ ও ২০১১) পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে উন্নয়ন পরিকল্পনা প্রণয়নকে অন্যতম কাজ হিসেবে উল্লেখ করা হয়েছে। উপজেলা পরিষদ আইনের ২৩ ধারা অনুযায়ী উপজেলা পরিষদের কার্যাবলীর তালিকায় পঞ্চবার্ষিকী ও বিভিন্ন মেয়াদী পরিকল্পনা প্রথম স্থানে রয়েছে। বাংলাদেশ সরকারের রূপকল্প ২০২১ এবং সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা উপজেলা পরিষদের ভূমিকা ইতোমধ্যে বিশেষভাবে স্বীকৃত হয়েছে। পরিকল্পনা ছাড়া কোন জাতি, দেশ বা সমাজ উন্নতির শিখরে অগ্রসর হতে পারেনা। পরিকল্পনা প্রণয়নে জাতীয় বা দেশ ভিত্তিক ফলাফল অর্জনের দিকে গুরুত্বারোপ করা হয়। বর্তমান সরকারের রূপকল্প ২০২১, উপজেলা পরিষদের সীমিত সম্পদের সাথে সামঞ্জস্য রেখে উপজেলার জনগণের চাহিদা ও অগ্রাধিকারের ভিত্তিতে মাদারগঞ্জ উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়।

১.৩ প্রাচীন কীর্তিঃ নিলের কোটি, তারতাপাড়া, মাদারগঞ্জ, জামালপুর।

১.৪ মাদারগঞ্জ উপজেলার নামকরণ :

১৭৬০ খ্রিষ্টাব্দে সারা বাংলা যখন ইংরেজ অত্যাচারে শশ্বানে পরিণত, ব্যাপক বিশৃঙ্খলা অরাজগতায় ভরে গেছে, বাংলা মসনদে বসে পুতুল নবাব সমস্ত ক্ষমতা ইংরেজ সাহেবদের হাতে ঠিক সেই সময় শুরু হয় ছিয়াত্তরের মন্বন্তর। আর এমন একটা সময়ে বাংলার মানুষকে ইংরেজদের হাত থেকে রক্ষা করার জন্য ফকির সন্ন্যাসীরা আধ্যাত্মিক সাধনা ছেড়ে এদেশে চলে আসে। তাদের প্রধান আখাড়া ছিল নেপালের গোরখপুর জেলার মাখনপুরে। তারা এদেশে এসে বগুড়ার মহাস্থানগড় এবং ময়মনসিংহ জেলার দাওকোবা নদীর দুর্গম চরে আখড়া স্থাপন করে। দাওকোবা নদী ছিল ব্রহ্মপুত্রের একটি শাখা। যা বর্তমানে যমুনা নদী হিসেবে পরিচিত। তখন আজকের প্রবাহমান যমুনা নদীর কোন অস্তিত্ব ছিল না। ১৭৭৮ সালে ইংরেজ জরিপকারী মি. রেনেল যে মানচিত্র তৈরী করে তাদের যমুনার কোন নাম ছিল না, যে মানচিত্রে ব্রহ্মপুত্রের ও দাওকোবা নদীর নাম পাওয়া যায়। ফকির সন্ন্যাসীগণ এই দুর্গম চরে তাদের গোপন কার্যক্রম শুরু করেন। সেই সময় তাদের দলে এসে যোগদেন শাহ মাদার নামে একজন ধর্ম প্রচারক। তিনি সিরিয়া থেকে ধর্ম প্রচার করার জন্য এদেশে আগমন করেন। তাঁর পুরনু নাম ছিল সেয়দ বদিউদ্দিন কুতুব-উর মাদার। শাহ মাদার ফকির বিদ্রোহের নেতা মজনু শাহ এর সাথে সরাসরি ফকির আন্দোলনে অংশগ্রহণ করেন। ১৭৬৩ সালের দিকে শাহ মাদার দুর্গম এই চরে আগমন করার পর ফকিরগণ তাঁর শিষ্যত্ব গ্রহণ করে এবং তারা মাদারিয়া সম্প্রদায় ভুক্ত হয়ে যান। ১৭৭২ সালে বর্ষায় ফকির-সন্ন্যাসী বগুড়া ও ময়মনসিংহ জেলার বিবিধ গ্রামে ব্যাপক লুটতরাজ ও দাঙ্গা সৃষ্টি করে। তারা কৃষকদের সর্বস্ব লুটে নেয়। এতে দেশে শুরু হয় ভয়াবহ অবস্থা। সন্ন্যাসী বিদ্রোহ কিছুটা দমন হলে ১৮১৫ সালে তৎকালীন ময়মনসিংহ জেলার ম্যাজিস্ট্রেট মি. ইয়ার মাদারগঞ্জ এলাকায় আইনশৃঙ্খলা ও সরকারী ফরমান জারী করার জন্য ১৩ জন চৌকিদার নিয়োগ করেন। ১৮৪৫ সালে জামালপুর মহকুমা প্রতিষ্ঠা হওয়ার পর ১৮৮২ সালে মাদারগঞ্জ একটি পুলিশ ফাঁড়ি স্থাপন করা হয়। ফাঁড়ি স্থাপনের ২৪ বছর পর ১৯০৬ সালের ১৫ জুন পূর্ববঙ্গ আসাম গেজেটে মাদারগঞ্জ পুলিশ ফাঁড়িকে পূর্নাক্স থানায় রূপান্তর করা হয়। মাদারগঞ্জ সেই থেকে একটি থানার নাম। বর্তমানে ইহা একটি উপজেলার নাম।

১.৫ মাদারগঞ্জ উপজেলার ভৌগলিক পরিচিতি :

মাদারগঞ্জ উপজেলার ভৌগলিক অবস্থান : ২২৫.৭৩ বর্গকিঃমিঃ আয়তনের মাদারগঞ্জ উপজেলাটি জামালপুর জেলায় অবস্থিত। উপজেলাটি জেলা হতে ৩৪ কিঃমিঃ পশ্চিমে. ও বিভাগ হতে ২২১ কিঃমিঃ উত্তরে অবস্থিত। এর চারপাশে পূর্বে- মেলান্দহ উপজেলার আদরা ইউনিয়ন, ঘােষের পাড়া ইউনিয়ন, হাজরাবড়ী ইউনিয়ন, জামালপুর সদর উপজেলার মেঠা ইউনিয়ন ও সরিষাবাড়ী উপজেলার ভাটারা ইউনিয়ন, দক্ষিণে- সরিষাবাড়ী. উপজেলার সাতপায়া ইউনিয়ন ও কামরাবাদ ইউনিয়ন, পশ্চিমে- যমুনা নদী ও বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলা এবং উত্তরে- মেলান্দহ উপজেলার মাহমুদপুর ইউনিয়ন ও ইসলামপুর উপজেলার নােষারপাড়া ইউনিয়ন অবস্থিত।

১.৮ প্রত্যাশা

মাদারগঞ্জ উপজেলার সকল স্তরের জনগণের অংশগ্রহণের মাধ্যমে উপজেলা পরিষদের সকল বিভাগ ও ইউনিয়ন পরিষদকে সাথে নিয়ে এলাকার সার্বিক সমন্বিত টেকসই উন্নয়ন কল্পে, মাদারগঞ্জ উপজেলার জনগণের প্রয়োজনীয় বাস্তব ভিত্তিক ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা বাস্তবায়ন করে একটি উন্নয়নকামী শক্তিশালী উপজেলা প্রতিষ্ঠা করা।

১.৯ তথ্য, পরিকল্পনা ও বাজেট বই প্রণয়নের উদ্দেশ্য

উপজেলা পরিষদের সম্পদের সীমাবদ্ধতা রয়েছে। তাই এই সীমাবদ্ধ সম্পদের অগ্রাধিকার ভিত্তিক এবং সঠিক ব্যবহারের জন্য পরিকল্পনা প্রণয়ন করা অত্যাাবশ্যিক। কারণ পরিকল্পনার মাধ্যমেই সম্পদের যথাযথ ব্যবহার করা সম্ভব। উপজেলা পরিষদের এলাকায় বর্তমানে বিভিন্ন স্টকহোল্ডারদের অর্থাৎ উপজেলা পরিষদের হস্তান্তরিত, অহস্তান্তরিত এবং অন্যান্য বিভাগ বা সংস্থাসমূহ তাদের বিভাগীয় উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করছে। কিন্তু চলমান উন্নয়ন কার্যক্রম এর মধ্যে সমন্বয় না থাকার কারণে কার্যক্রম এর ক্ষেত্রে দক্ষতা পরিকল্পিত হচ্ছে না। ফলে সম্পদের সুষ্ঠু ও অগ্রাধিকার ব্যবহার নিশ্চিত করা হচ্ছে না। বাংলাদেশ সরকারের রূপকল্প ২০২১, সহস্রাব্দ উন্নয়নের লক্ষ্য এবং উপজেলা পরিষদের সকল স্টকহোল্ডারদের অর্থাৎ হস্তান্তরিত ও

অহস্তান্তরিত, অন্যান্য বিভাগ এবং ইউনিয়ন পরিষদের সম্পদ, কার্যক্রম এবং উন্নয়ন পরিকল্পনাকে সমন্বিত করে উপজেলা ভিত্তিক সার্বিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে পরিকল্পনা বই তৈরির উদ্যোগ নেয়া হয়েছে।

১.১০ তথ্য, পরিকল্পনা ও বাজেট বই প্রণয়ন প্রক্রিয়া

উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে সম্পৃক্ত করে পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ায় কতগুলো ধাপ অনুসরণ করা হয়েছে।

প্রথমত: বার্ষিক উন্নয়নের পরিকল্পনা প্রণয়নের জন্য মাদারগঞ্জ উপজেলা পরিষদ বিশেষ সভায় উপজেলা পরিষদের সকল বিভাগীয় প্রধানদের সমন্বয়ে একটি পরিকল্পনা কমিটি গঠন করা হয়।

দ্বিতীয়ত: উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্যগণকে উদ্বুদ্ধ ও সম্পৃক্ত করে খাতভিত্তিক সমস্যা বিশ্লেষণ অগ্রাধিকার নিরূপনের মাধ্যমে খাতভিত্তিক ও পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

অতপর পরিকল্পনা কমিটি স্থায়ী কমিটি সমূহের নিকট থেকে খাতভিত্তিক প্রস্তাবনা সংগ্রহ করে একটি সমন্বিত খসড়া বার্ষিক উন্নয়ন পরিকল্পনা তৈরি করে। তৃতীয়তঃ উপজেলা পরিষদের সকল হস্তান্তরিত এবং অ-হস্তান্তরিত ও অন্যান্য বিভাগকে উদ্বুদ্ধ ও সম্পৃক্ত করে বিভাগ ভিত্তিক পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরি করা হয়। পরবর্তিতে পরিকল্পনা কমিটি উপরোক্ত বিভাগ ভিত্তিক তথ্য ও পরিকল্পনার সমন্বয়ে উপজেলা পরিষদের খসড়া সমন্বিত পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরি করা হয়েছে।

চতুর্থত: উপজেলা পরিষদের বিশেষ সভায় পরিকল্পনা কমিটি সমন্বিত খসড়া বার্ষিক উপস্থাপন করে। উক্ত বিশেষ সভায় সমন্বিত খসড়া বার্ষিক উন্নয়ন পরিকল্পনা নিয়ে আলোচনা করা হয় এবং অংশগ্রহণকারীগণ তাদের মূল্যবান মতামত ও সুপারিশ প্রদান করে। সবশেষে উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন পরিকল্পনাটি চূড়ান্ত অনুমোদন করে।

১.১১ পরিকল্পনা বাস্তবায়ন কৌশল মাদারগঞ্জ

- ক) সরকারী অন্যান্য বিভাগের সাথে সম্পূরক/পরিপূরক প্রকল্প গ্রহণ।
- খ) উপজেলা, ইউনিয়ন পরিষদ, এনজিও এবং ব্যক্তির মধ্যে সম্পদ ও প্রকল্পের সমন্বয় সাধন।
- গ) অংশ গ্রহণমূলক মনিটরিং প্রক্রিয়া অনুসরণ।
- ঘ) নিম্ন থেকে উর্ধ্বমুখী পরিকল্পনা প্রক্রিয়া অনুসরণ।


১.১৩ তথ্য, পরিকল্পনা ও বাজেট বই প্রণয়নের সীমাবদ্ধতা:

মাদারগঞ্জ উপজেলা পরিষদ পর্যায়ে বার্ষিক পরিকল্পনা প্রণয়নের প্রথম উদ্যোগ হিসেবে এই পরিকল্পনা বই এর কিছু সীমাবদ্ধতা রয়েছে। এই বার্ষিক পরিকল্পনার বই-এর উলেখযোগ্য অংশ হল হস্তান্তরিত, অহস্তান্তরিত এবং অন্যান্য সকল বিভাগ/সংস্থাসমূহ থেকে ভিত্তি তথ্য এবং তাদের বর্তমান কার্যক্রম সম্পর্কে বিস্তারিত তথ্য সংগ্রহকরা এবং সেই তথ্যের বিশ্লেষণ করা। কিন্তু বাস্তবতা হচ্ছে বিভিন্ন বিভাগের তথ্যের ঘাটতি এবং বর্তমান কার্যক্রম সম্পর্কে বিস্তারিত তথ্য সরবরাহ করার ক্ষেত্রে বিভাগসমূহের আগ্রহ কম ছিল। এমতাবস্থায়, পরিকল্পনা বই প্রণয়নের ক্ষেত্রে নির্দেশনা অনুযায়ী সকল বিভাগ/সংস্থাসমূহের প্রয়োজনীয় তথ্যও সময়মত পাওয়া যায়নি।

উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে সকল স্টকহোল্ডার অর্থাৎ হস্তান্তরিত, অ-হস্তান্তরিত এবং বিভাগসমূহকে পরিকল্পনা বিষয়ে উদ্বুদ্ধ এবং সম্পৃক্ত করা একটি সময়-সাপেক্ষ প্রক্রিয়া কিন্তু এই পরিকল্পনা বই তৈরির ক্ষেত্রে প্রয়োজনীয় সময় পাওয়া যায়নি। পরিকল্পনা বই প্রণয়নের ক্ষেত্রে উপজেলা পর্যায়ে কর্মরত অনেক প্রতিষ্ঠান তথ্য প্রদানের ক্ষেত্রে এবং তাদের বর্তমান কার্যক্রমের তথ্য প্রদানের ক্ষেত্রে সংশয় প্রকাশ করেছে। অনেক প্রতিষ্ঠান তাদের কার্যক্রম সম্পর্কে প্রতিবেদন

দেওয়ার ক্ষেত্রে তাদের উদ্বৃত্তন কর্তৃপক্ষের অনুমোদনের কথা উল্লেখ করেছে। ফলে সঠিক সময়ে তাদের নিকট হতে প্রয়োজনীয় তথ্য পাওয়া সম্ভব হয়নি।

১.১৪ মাদারগঞ্জ উপজেলার মানচিত্র



উপজেলা তথ্য ভান্ডার

এক নজরে মাদারগঞ্জ উপজেলা

সাধারণ তথ্যাদি

একনজরে মাদারগঞ্জ উপজেলা

আয়তন	: ২২৫.৩৯ বর্গ কিলোমিটার।
জনসংখ্যা	: ২,৬৩,৬০৮ জন।
ভোটার সংখ্যা	: ১,৬৬,১৩২ টি।
গ্রাম	: ১৩০ টি।
ঘনত্ব	: ১১.৭০ প্রতি বর্গ কিলোমিটার।
নির্বাচনী এলাকা	: ০১ টি। (মাদারগঞ্জ, মেলান্দহ)
ইউনিয়ন	: ০৭ টি, পৌর-০১টি।
মৌজা	: ১১৩ টি।
সরকারী হাসপাতাল	: ০১ টি।
ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র/	: ০৪ টি।
কমিউনিটি ক্লিনিক	: ৩২ টি।
পরিবার পরিকল্পনা কেন্দ্র	: ০১ টি।
পোস্ট অফিস	: সাব-৩টি ব্রাঞ্চ-১৫ টি।
নদ-নদী	: ৩ টি খাল, ০৭ টি বিল।
হাট-বাজার	: ২০ টি।
ব্যাংক	: ১০ টি বাণিজ্যিক ব্যাংক।
পৌরসভা	: ০১টি।
সরকারী প্রথমিক বিদ্যালয়	: ১৫৯ টি।
রেজি: বেসরকারী প্রথমিক বিদ্যালয়	: ০১টি
কলেজ(সরকারী , বেসরকারী)	: সরকারী কলেজ ০১টি বেসরকারী কলেজ-০৪
কারিগরি কলেজ-০৫টি	
মাধ্যমিক স্কুল	: ৩৯ টি।
নিম্ন মাধ্যমিক স্কুল	: ১১ টি।
মাদ্রাসা	: ২৭ টি। ফাজিল- ০২টি, আলিম-০৫টি, দাখিল-২০টি।
মন্দির	: ১৩টি।
শহীদ বীর মুক্তিযোদ্ধা স্মরক স্মৃতি স্তম্ভ	: ১টি।

শহিদ মিনার : ০১ টি
টেলিফোন এক্সচেঞ্জ : ০১ টি
ডাকবাংলা : ০২ টি

ক্রমিক নং	সেবার নাম	সেবা প্রদানের সময় সীমা	সেবা প্রদানের প্রকৃতি	সেবা প্রদানের স্থান
-----------	-----------	----------------------------	-----------------------	---------------------

এক নজরে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের তথ্য

০১। অফিসের নাম : উপজেলা নির্বাহী অফিস

০২। অফিস পরিচিতি : প্রতিটি উপজেলায় একটি করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় রয়েছে। এ অফিসটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন।

০১	কৃষি/অকৃষি খাস জমি বন্দোবস্ত, পেরীফেরীভূক্ত হাট-বাজার একসনা বন্দোবস্ত ও প্রযোজ্য ক্ষেত্রে ভূমি সংক্রান্ত বিষয়।	সহকারী কমিশনার (ভূমি) হতে প্রাপ্তির পর ৩ (তিন) দিনের মধ্যে।	উপজেলা ভূমি অফিস হতে প্রস্তাব প্রেরণের পর উপজেলা নির্বাহী অফিস হতে প্রস্তাবটি সুপারিশ সহকারে জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়ে অগ্রবর্তী করা হয়।	সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় ও ভূমি মন্ত্রণালয়।
০২	ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বরাদ্দে গৃহীত প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম (টি.আর, কাবিখা, কাবিটা ও ত্রাণ সামগ্রী)।	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা হতে প্রস্তাব প্রাপ্তির পর ২ (দুই) দিনের মধ্যে।	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার নিকট থেকে প্রস্তাব প্রাপ্তির পর সভায় সিদ্ধান্ত গ্রহণ করতঃ জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়।	প্রকল্প বাস্তবায়ন অফিস, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় ও প্রযোজ্য ক্ষেত্রে উপজেলা হিসাব রক্ষণ অফিস।
০৩	এল.জি.ই.ডি কর্তৃক গৃহীত ও বাস্তবায়িত প্রকল্প, প্রযোজ্য ক্ষেত্রে ঠিকাদারের বিল/প্রকল্প কমিটির সভাপতির বিল প্রদান।	উপজেলা প্রকৌশলীর কার্যালয় হতে প্রস্তাব প্রাপ্তির পর ২ (দুই) দিনের মধ্যে।	উপজেলা প্রকৌশলীর কার্যালয় হতে প্রস্তাব প্রাপ্তির পর বিল অনুমোদন, প্রয়োজনে সরেজমিনে পরিদর্শন।	উপজেলা প্রকৌশলীর কার্যালয়, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় ও প্রযোজ্য ক্ষেত্রে উপজেলা হিসাব রক্ষণ অফিস।
০৪	হাট-বাজার বাৎসরিক ইজারা প্রদান।	প্রতি বছরের ১লা বৈশাখের আনুমানিক ২ (দুই) মাস পূর্বে কার্যক্রম গ্রহণ করা হয়।	হাট-বাজার নীতিমালা অনুযায়ী দরপত্র বিজ্ঞপ্তির মাধ্যমে।	উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় এবং প্রযোজ্য ক্ষেত্রে সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়।
০৫	জলমহাল ইজারা প্রদান।	প্রতি বছরের ১লা বৈশাখের আনুমানিক ২ (দুই) মাস পূর্বে কার্যক্রম গ্রহণ করা হয়।	জলমহাল ইজারার নীতিমালা অনুযায়ী দরপত্র বিজ্ঞপ্তির মাধ্যমে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় ও উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়।
০৬	সভাপতি হিসাবে দায়িত্ব পালনকারী বে-সরকারী কলেজ, হাই স্কুল ও মাদ্রাসার বেতন বিল প্রদান ও শিক্ষা প্রতিষ্ঠানের বিবিধ প্রশাসনিক কার্যাবলী।	শিক্ষা প্রতিষ্ঠান হতে বেতন বিল প্রাপ্তির ২ (দুই) দিনের মধ্যে এবং যে কোন প্রশাসনিক কাজের প্রস্তাব প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে।	প্রতিষ্ঠান প্রধান কর্তৃক বিল দাখিলের পর।	উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়।
০৭	ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সদস্য, সদস্যদের সরকারী অংশের সম্মানী ভাতা প্রদান এবং সচিব ও গ্রাম পুলিশদের বেতন ভাতা প্রদান।	সরকারী বরাদ্দ প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে।	সরকারী বরাদ্দ প্রাপ্তির পর সম্মানী ভাতা বা বেতন ভাতা ব্যাংক থেকে কালেকশন করে প্রদান করা হয়।	উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়।

০৩। সিটিজেন চার্টার

০৮	ধর্ম মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, জেলা পরিষদ, সংস্থা / বিভাগ কর্তৃক বিবিধ অনুদান বিতরণ।	বরাদ্দ প্রাপ্তির পর বিষয়টি সুফলভোগীকে অবহিত করা হয়। সুফলভোগী কর্তৃক চাহিদা মোতাবেক কাগজ-পত্রাদি দাখিলের পর ৩ (তিন) দিনের মধ্যে অর্থ প্রদান করা হয়।	সুফলভোগী কর্তৃক চাহিদা মোতাবেক কাগজ-পত্রাদি দাখিলের পর উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক অর্থ প্রদান করা হয়।	উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, উপজেলা হিসাব রক্ষণ অফিস, প্রযোজ্য ক্ষেত্রে মন্ত্রণালয় / বিভাগ / সংস্থা।
----	---------------------------------------------------------------------------------------------	-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------	-----------------------------------------------------------------------------------------------------------	----------------------------------------------------------------------------------------------------------------

০৯	জেনারেল সার্টিফিকেট মামলা।	বিধি মোতাবেক।	চ.উ.জ. অপঃ, ১৯১৩ অনুযায়ী।	উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়।
১০	মোবাইল কোর্ট পরিচালনা ও রিপোর্ট রিটার্ন প্রেরণ।	প্রতি সপ্তাহে একদিন।	সরকারের আদেশ ও বিভিন্ন আইন মোতাবেক।	উপজেলা নির্বাহী অফিসার ও ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট।
১১	হজুব্রত পালনের ফরম বিতরণ ও পরামর্শ প্রদান।	আবেদনের সাথে সাথে।	আবেদন মোতাবেক উপজেলা নির্বাহী অফিস হতে ফরম, তথ্য ও পরামর্শ প্রদান করা হয়।	উপজেলা নির্বাহী অফিস ও জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়।
১২	স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) সংক্রান্ত পরামর্শ, তথ্য ও করণীয় সম্পর্কে সেবা প্রদান।	চাহিদা মোতাবেক স্বল্প সময়ে প্রদান করা হয়।	উপজেলা নির্বাহী অফিসে এসে পরামর্শ চাওয়া হলে পরামর্শ প্রদান করা হয়।	উপজেলা নির্বাহী অফিস ও ইউপি চেয়ারম্যান।
১৩	বিভিন্ন কমিটির সভাপতির দায়িত্ব পালন।	কমিটির সদস্য-সচিবের সাথে আলাপের মাধ্যমে সম্ভাব্য স্বল্পতম সময়ে।	সদস্য-সচিবের চাহিদা মাফিক।	বিভাগীয় কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার।
১৪	বি.সি.আই.সি/ভূত্বিকি সারের প্রতিবেদন প্রেরণ।	আগমনী বার্তা প্রাপ্তির দিন।	সরেজমিনে পরিদর্শন পূর্বক।	উপজেলা কৃষি কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার।
১৫	নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সেল কমিটি।	অভিযোগ প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের প্রোগ্রাম অফিসার কর্তৃক সংশ্লিষ্ট পক্ষদ্বয়কে নোটিশ প্রদান করা হয়।	নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সেল কমিটি কর্তৃক পক্ষদ্বয়ের শুনানী গ্রহণ শেষে নিষ্পত্তি করা হয়।	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কার্যালয়ের প্রোগ্রাম অফিসার, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, ভারপ্রাপ্ত কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার।

এছাড়াও উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উপজেলায় নিম্নোক্ত কার্যাবলী সম্পাদিত হয়ে থাকে।

- ❖ সামাজিক ও সাংস্কৃতিক কার্যক্রম জোরদার করণ।
- ❖ ইউনিয়ন পরিষদের সঙ্গে পত্র যোগাযোগ।
- ❖ প্রাকৃতিক দুর্যোগ, দুর্ভিক্ষ ও মহামারীর সময় ত্রাণ কাজে সহায়তা প্রদান।
- ❖ আইন-শৃংখলা রক্ষায় প্রয়োজনীয় সহায়তা প্রদান।
- ❖ সরকারী কার্যক্রমের সহায়ক শক্তি হিসাবে দায়িত্ব পালন।
- ❖ উপজেলা পর্যায়ে উন্নয়ন ও প্রশাসনিক কাজের তদারকিকরণ।
- ❖ বিভাগীয় কর্মকর্তাদের সাথে সমন্বয়ের দায়িত্ব পালন।
- ❖ মন্ত্রণালয়ের সকল নীতিমালা মাঠ পর্যায়ে বাস্তবায়ন।
- ❖ ভ্রাম্যমান আদালতের মাধ্যমে বাল্য বিবাহ প্রতিরোধে ভূমিকা পালন।
- ❖ ভ্রাম্যমান আদালতের মাধ্যমে ইলিশ সম্পদ (জাটকা) সম্পদ রক্ষা।

০৪। সাংগঠনিক কাঠামো

উপজেলা নির্বাহী অফিসার
অফিস সুপার

সিএ-কাম-ইউডিএ
অফিস সহকারী
সার্টিফিকেট সহকারী
গাড়ী চালক
দপ্তরী
এমএলএসএস
নৈশ প্রহরী
ঝাড়ুদার

মাদারগঞ্জ উপজেলা পরিষদের সাংগঠনিক কাঠামোঃ

- ১) সঁাটমুদ্রাক্ষরিক- ০১ জন
- ২) গাড়ী চালক - ০১ জন
- ৩) অফিস সহায়ক - ০২ জন
- ৪) মালী/সুইপার (অস্থায়ী) - ০১ জন

এক নজরে মাদারগঞ্জ উপজেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্য

১। অফিসের নাম: উপজেলা কৃষি অফিস।

২। অফিস পরিচিতি: প্রতিটি উপজেলায় একটি করে উপজেলা কৃষি অফিস রয়েছে। এই অফিসটি কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীন পরিচালিত ও জেলার উপ-পরিচালক কর্তৃক নিয়ন্ত্রিত।

৩। অফিসের কার্যক্রম:

উপজেলা কৃষি অফিসের ভূমিকা নিম্নরূপঃ

১. উপজেলা পরিষদের সাথে সমন্বয় ও স্থানীয় চাহিদার উপর ভিত্তি করে কৃষি সম্প্রসারণ কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন এবং কর্মসূচি বাস্তবায়নের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের প্রয়োজনীয় দক্ষতা বৃদ্ধি করে সেবার মান নিশ্চিত করা।
২. উপজেলা কৃষি অফিসের উল্লেখ যোগ্য কার্যক্রম হচ্ছে: উচ্চমূল্য শস্য উৎপাদন ও বহুমুখীকরণসহ বাণিজ্যিক কৃষি উন্নয়নে পরামর্শ প্রদান।
৩. উন্নত কৃষি পদ্ধতিতে চাষাবাদে, লাগসই কৃষি প্রযুক্তি ব্যবহারে এবং মডেল কৃষি খামার স্থাপনে প্রয়োজনীয় কারিগরী সহায়তা ও পরামর্শ প্রদান।
৪. সার, বীজ ও সেচসহ আধুনিক কৃষি যন্ত্রপাতির প্রাপ্তিস্থান ও ব্যবহার বিষয়ক পরামর্শ প্রদান।
৫. দানাদার ফসল, পাট, ফল ও শাকসবজিসহ অন্যান্য ফসল উৎপাদনে পরামর্শ প্রদান।
৬. ভূ-উপরিস্থিত পানির সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে সেচ ও পানি নিষ্কাশনের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান।
৭. কৃষি বিষয়ক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারে কারিগরী সহায়তা ও পরামর্শ প্রদান।
৮. বৈশ্বিক জলবায়ু পরিবর্তন জনিত কারণে কৃষিতে বিরূপ প্রভাব মোকাবেলায় প্রয়োজনীয় কারিগরী সহায়তা ও পরামর্শ প্রদান।
৯. পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নে এবং মাটির স্বাস্থ্য রক্ষায় পরিবেশ বান্ধব প্রযুক্তি ব্যবহার ও গ্রহণে প্রয়োজনীয় কারিগরী সহায়তা ও পরামর্শ প্রদান।
১০. কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন প্রকল্প ও কর্মসূচির কার্যক্রম সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় কারিগরী সহায়তা ও পরামর্শ প্রদান এবং কৃষি পরামর্শ কেন্দ্রসমূহের মাধ্যমে ব্লকে পর্যায়ে কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে কৃষকদের প্রয়োজনীয় কারিগরী সহায়তা ও পরামর্শ প্রদান।

৪। অফিসের জনবল কাঠামো:

অফিস প্রধানের পদবী: উপজেলা কৃষি অফিসার। তাঁকে কারিগরী সহায়তা ও পরামর্শ প্রদানের জন্য রয়েছেন একজন অতিরিক্ত কৃষি অফিসার, একজন কৃষি সম্প্রসারণ অফিসার, একজন সহকারী কৃষি সম্প্রসারণ অফিসার, একজন উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ অফিসার, একজন স্প্রেয়ার মেকানিক ও দুইজন প্লাস্ট প্রোটেকশন মোকাদ্দম। এছাড়া হিসাব রক্ষণ ও প্রাত্যহিক কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সহায়ক হিসেবে রয়েছেন একজন উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক, দুইজন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, একজন অফিস সহায়ক, দুইজন নিরাপত্তা প্রহরী ও একজন ঝাড়ুদার।

আওতাধীন অফিস: সম্প্রসারণ কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য প্রতিটি ইউনিয়নকে দুইভাগে ভাগ করে উপজেলা কৃষি অফিসের আওতাধীন কর্ম এলাকাকে ১৮টি ব্লকে বিভক্ত করা হয়েছে। প্রত্যেক ব্লকের সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তা তার ব্লকে দৈনন্দিন সম্প্রসারণ সেবা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত। প্রতিটি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স উপসহকারী কৃষি কর্মকর্তাগণের অফিস রয়েছে যা কৃষি পরামর্শ কেন্দ্র হিসেবে পরিচিত। এছাড়া কৃষকেরা যেন তাদের সমস্যা চিহ্নিত করতে পারেন সে ব্যাপারে সাহায্য করা, স্থানীয় চাহিদার ভিত্তিতে ব্লক সম্প্রসারণ কর্মকর্তা বাস্তবায়ন করা এবং অন্যান্য সম্প্রসারণ সহযোগী সংস্থা থেকে সেবা গ্রহণে কৃষকদের সহায়তা প্রদান উপসহকারী কৃষি কর্মকর্তাগণের দায়িত্ব।

৫। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার):

৫.১ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মাদারগঞ্জ, জামালপুর এর সিটিজেন চার্টার

ক্র. নং	সেবার ধরন	সেবা	সেবা প্রদান/প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ	
			নাগরিক পর্যায়	সরকারী পর্যায়
১	সহায়তা	১.১ প্রযুক্তি সহায়তা কৃষি বিষয়ক উন্নত প্রযুক্তি সমূহ কৃষকদের নিকট হস্তান্তর (এবং পঞ্চদশম জাতীয় কৃষকদের প্রদর্শনী পুট স্থাপন, মাঠ দিবস উদযাপন, কৃষক র্যালী ইত্যাদি)	<ul style="list-style-type: none"> ◊ প্রাথমিক পর্যায়ে কৃষি বিষয়ক উন্নত প্রযুক্তি সমূহ গ্রহণে ঝুঁকি মনে করা। ◊ কৃষকদের শিক্ষা ও কৃষি বিষয়ক পর্যাপ্ত জ্ঞানের অভাব। ◊ নতুন প্রযুক্তি গ্রহণে অনাগ্রহ। ◊ কৃষকদের আর্থিক সমস্যা। 	<ul style="list-style-type: none"> ◊ প্রয়োজনীয় জনবলের অভাব ◊ প্রদর্শনী পুট স্থাপন, মাঠ দিবস ও কৃষক র্যালী বাস্তবায়নের জন্য অপ্রতুল অর্থ বরাদ্দ।
		১.২ মান সম্মত বীজ উৎপাদনে সহায়তা করা কৃষি নির্ধারিত প্রগতিশীল চাষীদের মাধ্যমে উন্নত মানের বীজ প্রযুক্তি বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান, উৎপাদিত বীজ সঠিকভাবে সংরক্ষণ এবং অন্যান্য চাষীদের মাঝে বিতরণের ব্যবস্থা করা।	<ul style="list-style-type: none"> ◊ কৃষকদের বীজ উৎপাদনে অতিরিক্ত উৎপাদন ব্যয় ভার বহনে অনীহা। ◊ বীজ সংরক্ষণের জন্য প্রয়োজনীয় গুদাম/পাত্রের অভাব। ◊ সংরক্ষিত বীজ খাবার হিসাবে ব্যবহার। ◊ উৎপাদিত বীজ বিপণনে সমস্যা। 	<ul style="list-style-type: none"> ◊ বীজগুদাম ও সংরক্ষণাগারের অভাব। ◊ উৎপাদিত বীজ সরকারী প্রতিষ্ঠান কর্তৃক গ্রহণে অনীহা।
		১.৩ কৃষি ঋণ প্রাপ্তিতে সহায়তা প্রদান কৃষি সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান হতে কৃষি ঋণ প্রাপ্তিতে সহায়তা প্রদান। কৃষি ঋণ প্রাপ্তির অনুকূলে ফসল উৎপাদন পরিকল্পনা প্রণয়নে সহায়তা প্রদান। কৃষি ঋণ বিষয়ক সুবিধাদি এবং প্রয়োজ্য সুদের হার বিষয়ে কৃষকদের অবহিত করা।	<ul style="list-style-type: none"> ◊ সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণে হরানির স্বীকার হওয়া। ◊ সুদের হার বেশী। 	<ul style="list-style-type: none"> ◊ আর্থিক প্রতিষ্ঠানের স্বতন্ত্র স্ফূর্ত সহযোগিতার অভাব।
		১.৪ কৃষি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সহায়তা কৃষি বিষয়ক যেকোন তথ্য, পরামর্শ এবং প্রযুক্তি কৃষিকর্মী, কৃষক এবং সাধারণ জনগণের মধ্যে পৌঁছানো।	<ul style="list-style-type: none"> ◊ আধুনিক তথ্য ও যোগাযোগ ব্যবস্থা বিষয়ে কৃষকদের জ্ঞানের অভাব। ◊ প্রযুক্তি গ্রহণে আর্থিক সামর্থ্যের অভাব। 	<ul style="list-style-type: none"> ◊ আধুনিক তথ্য ও যোগাযোগ ব্যবস্থার প্রয়োজনীয় কর্মসূচী ও অবকাঠামোর অভাব। ◊ দক্ষ জনবলের অভাব।
		১.৫ সমন্বিত সম্প্রসারণ সেবা প্রদান কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং বিভিন্ন সরকারী, বেসরকারী ও গবেষণা সংস্থার সাথে সমন্বয় সাধনের মাধ্যমে সম্প্রসারণ সেবা প্রদান।	<ul style="list-style-type: none"> ◊ কৃষকের চাহিদা মার্কিত সেবার অপ্রতুলতা। ◊ সেবা গ্রহণে আর্থিক সামর্থ্যের অভাব। 	<ul style="list-style-type: none"> ◊ সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয়ের ঘাটতি।
		১.৬ কৃষি পণ্য বিপণনে কৃষকের উৎপাদিত পণ্যের বাজারজাত করণে এবং ন্যায্যমূল্য পেতে সহায়তা প্রদান।	<ul style="list-style-type: none"> ◊ কৃষক সংগঠনের অভাব। ◊ পণ্য পরিবহনে যথাযথ যোগাযোগ 	<ul style="list-style-type: none"> ◊ মধ্যস্থত্ব ভোগী ও ফড়িয়াদের প্রভাব মুক্ত কৃষিপণ্য বাজার ব্যবস্থা

		সহায়তা করা।		ব্যবস্থার অভাব। ◊কৃষিপণ্য বিপণনে মধ্যস্বত্ব-ভোগীদের দৌরাত্ম। ◊কৃষিপণ্য সংরক্ষণ ব্যবস্থার অভাব। ◊কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ ও প্রসেসিং এ সমস্যা।	পরিচালনায় দুর্বলতা। ◊বাজার ব্যবস্থা গড়েতোলার জন্য পর্যাপ্ত আর্থিক সহযোগিতার অভাব।
		১.৭ কৃষি পণ্যের মূল্য সংযোজনে সহায়তা	কৃষি পণ্যের প্রক্রিয়াজাতকরণ, প্যাকেজিং ও নানাবিধ ব্যবহার মুখী পণ্যে রূপান্তরে কারিগরী সহায়তা প্রদান।	◊কৃষকদের জ্ঞানের অভাব। ◊কৃষকদের আর্থিক অস্বচ্ছলতা।	◊আর্থিক বরাদ্দ অপ্রতুল। ◊দক্ষ জনবলের অভাব। ◊বাজারজাত করণে সরকারী সহায়তার অভাব।
২	প্রশিক্ষণ	প্রশিক্ষণ প্রদান	কৃষি বিষয়ক উন্নত প্রযুক্তি সম্পর্কে কৃষকদেরকে হাতেকলমে প্রশিক্ষণ প্রদান।	◊ প্রশিক্ষণে অংশ গ্রহণে কৃষকের সময়ের অভাব। ◊ প্রশিক্ষণ প্রাপ্ত প্রযুক্তি প্রয়োগে কৃষকের আর্থিক অস্বচ্ছলতা। ◊অপ্রতুল প্রশিক্ষণ ভাতা।	◊কৃষকদের প্রশিক্ষণের জন্য পর্যাপ্ত বরাদ্দের স্বল্পতা। ◊প্রশিক্ষণ ভাতা কম। ◊হাতে কলমে শিক্ষাদানে প্রয়োজনীয় প্রশিক্ষণ সামগ্রীর স্বল্পতা। ◊উচ্চতর প্রশিক্ষণ প্রাপ্ত দক্ষ জনবলের অভাব।
৩	কৃষি পুনর্বাসন	কৃষি পুনর্বাসনে সহায়তা	বন্যা, খরা ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়ক্ষতি পুষিয়ে নেয়ার লক্ষ্যে কৃষি উপকরণ সহায়তা প্রদান।	✘ ছবি উত্তোলন ও ব্যাংকে গিয়ে একাউন্ট খুলতে কৃষকদের অনীহা। ✘ ক্ষতির তুলনায় কৃষি পুনর্বাসনের অপ্রতুলতা। ✘ সব ধরনের কৃষক এ সুবিধা পায় না।	প্রভাবমুক্ত থেকে যথাসময়ে ক্ষতিগ্রস্ত কৃষকদের তালিকা প্রনয়নে সমস্যা। প্রয়োজনীয় জনবলের অভাব। ✘ আর্থিক বরাদ্দের অপর্যাপ্ততা।
৪	কৃষি ভর্তুকি	কৃষিতে ভর্তুকি ও উৎপাদনে সহায়তা প্রদান	কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে উপকরণাদি কৃষকের ক্রয় ক্ষমতার মধ্যে রাখার জন্য এবং উৎপাদন খরচ কমানোর জন্য বিভিন্ন সময় সরকারের দেয়া ভর্তুকি উপকরণাদি কৃষকদের মধ্যে বিতরণ।	✘ ছবি উত্তোলন ও ব্যাংকে গিয়ে একাউন্ট খুলতে কৃষকদের অনীহা। ✘ ক্ষতির তুলনায় কৃষি পুনর্বাসনের অপ্রতুলতা। ✘ সব ধরনের কৃষক এ সুবিধা পায় না।	বাজেটের অভাব। ✘ পৃথক বাজেট বরাদ্দ থাকে না।
০৫	ব্যাংক হিসাব খুলতে সহায়তা	১০ টাকার বিনিময়ে ব্যাংকে হিসাব খুলতে সহায়তা প্রদান	◊সহজ প্রক্রিয়ায় ১০ টাকা জামানতের বিনিময়ে ব্যাংকে হিসাব খুলতে কৃষকদের সহায়তা প্রদান।	✘ ছবি উত্তোলন ও ব্যাংকে গিয়ে একাউন্ট খুলতে কৃষকদের অনীহা।	✘ প্রয়োজনীয় জনবলের অভাব।

০৬	উপকরণ সহায়তা	কৃষি উপকরণ সহায়তা প্রদান	কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য সরকার কর্তৃক সময়ে সময়ে চাষীদের মাঝে কৃষি উপকরণ সহায়তা প্রদান করা হয়।	সব ধরনের কৃষক এ সুবিধা পায় না।	ক্স প্রভাবমুক্ত থেকে যথাসময়ে ক্ষতিগ্রস্ত কৃষকদের তালিকা প্রনয়নে সমস্যা। ক্স প্রয়োজনীয় জনবলের অভাব। ক্স আর্থিক বরাদ্দের অপরিপূর্ণতা।
০৭	সার ডিলার নিয়োগ ও বালাইনা শকের লাইসেন্স প্রদান	৭.১ সার ডিলার ও খুচরা সার বিক্রেতা নিয়োগ	প্রতিটি ইউনিয়ন হতে এক(০১) জন হস্তাক্ষরের ডিলার ও প্রতি ওয়ার্ডে এক(০১) জন খুচরা সার বিক্রেতা নিয়োগের ব্যবস্থা করা হয়।	◊ সরকারী নীতিমালা অনুযায়ী সার ডিলার নিয়োগ প্রক্রিয়ায় দীর্ঘ সূত্রিতা। ◊ প্রতি ওয়ার্ডে একজনখুচরা সার বিক্রেতা দ্বারা সুযম সার ব্যবস্থাপনায় জটিলতা	◊ একই ইউনিয়ন বা উপজেলায় পূর্বে নিয়োগকৃত একাধিক ডিলারদের বর্তমান নীতিমালা অনুসারে ইউনিয়ন ভিত্তিক ডিলারশীপ বন্টনে জটিলতা।
		৭.২ বালাই নাশকের খুচরা ও পাইকারী বিক্রেতার লাইসেন্স প্রদান	বালাইনাশকের খুচরা ও পাইকারী বিক্রেতার লাইসেন্স প্রদান। ক্স বালাইনাশকের মান ও বাজার নিয়ন্ত্রণ।	◊ বালাইনাশকের ক্ষতির ব্যবহার বিষয়ক জ্ঞানের অভাব। ◊ যথাযথ বালাইনাশক ব্যবহারে কৃষকের বিশ্রান্তি।	◊ দক্ষ জনবলের অভাব।
০৮	সংনিরোধ	সংনিরোধ সেবা	◊ কোয়ারেন্টাইন রুলস প্রয়োগের মাধ্যমে সমুদ্র, স্থল ও বিমান বন্দরে বৈদেশিক রোগবালাই এর অনুপ্রবেশ ও বিস্তার প্রতিরোধ করা। ◊ দেশের অভ্যন্তরে ও আঞ্চলিক পর্যায়ে মারাত্মক বালাই অনুপ্রবেশ ও বিস্তার রোধে সেবা প্রদান করা।	◊ সংগনিরোধ কার্যক্রমে প্রয়োজনীয় জ্ঞান ও সচেতনতার অভাব।	◊ দক্ষ জনবলের অভাব। ◊ জনবলের অপরিপূর্ণতা।
০৯	মনিটরিং	৯.১ সার মনিটরিং	◊ সারের আগমনী বার্তা প্রাপ্তির পর বিধি মোতাবেক বিক্রয়ের অনুমতি প্রদান। ◊ সার উত্তোলন, মজুদ ও সরবরাহ কার্যের নিয়ন্ত্রণ ও মনিটরিং। ◊ সারের মান ও বাজার নিয়ন্ত্রণ। ◊ ভেজাল সারের নমুনা সংগ্রহ ও পরীক্ষাগারে প্রেরণ পূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ।	◊ কারখানা থেকে সময় মতো বরাদ্দ না পাওয়ায় হয় রানির স্বীকার।	◊ সময় মতো সার সরবরাহে যোগাযোগ ও পরিবহনে সমস্যা। ◊ সার ব্যবস্থাপনায় দুর্বল আইন
		৯.২ বালাই নাশকের মনিটরিং	◊ সারেরনাশকেরমান ও বাজার নিয়ন্ত্রণ। ◊ ভেজাল নাশকেরনমুনা সংগ্রহ ও পরীক্ষাগারে প্রেরণ পূর্বক আইনানুগ ব্যবস্থা	◊ জনগণের সচেতনতা ও যথাযথ জ্ঞানের অভাবে অনেক সময় ভেজাল/নকল ও মেয়াদোত্তীর্ণ বালাইনাশক কিনে প্রতারণিত	◊ পরিদর্শক কর্তৃক ভেজাল ও নকল বালাইনাশকমজুদকারীর বিরুদ্ধে তাৎক্ষণিক শাস্তি

			গ্রহণ।	হয়।	প্রয়োগের বিধান না থাকায় আইনের ফাকি ফোকর দিয়ে অপরাধী বেশীর ভাগ ক্ষেত্রেই পার পেয়ে যায়।
১০	খন্ডক ব্যবহার	লীফ কালার চার্ট ব্যবহার	লীফ কালার চার্ট ব্যবহার করে ধান ফসলে সঠিক মাত্রায় ইউরিয়া সারের ব্যবহার বিষয়ে কৃষকদেরকে পরামর্শ প্রদান।	◊ কৃষকদের পর্যাপ্ত জ্ঞানের অভাব।	◊ পর্যাপ্ত পরিমাণে লীফ কালার চার্ট (খন্ডক) সরবরাহের অভাব।
১১	গুটি ইউরিয়া	গুটি ইউরিয়া ব্যবহার	◊ গুটি ইউরিয়া প্রয়োগ করে ধান ফসলে ইউরিয়া সার সশ্রয়ে কৃষকদের পরামর্শ প্রদান।	◊ কৃষকদের পর্যাপ্ত জ্ঞানের অভাব। ◊ পর্যাপ্ত প্রয়োগ যন্ত্রের স্বল্পতা।	◊ প্রয়োগ যন্ত্র সরবরাহের স্বল্পতা। ◊ মান সম্মত প্রয়োগ যন্ত্রের অভাব
১২	মাটির স্বাস্থ্য সংরক্ষণ	মাটির স্বাস্থ্য সংরক্ষণ। মাটির স্বাস্থ্য সেবায় সুশম সার প্রয়োগ, জৈব সার প্রয়োগ ও শস্য পহার্য বিষয়ে কৃষকদেরকে পরামর্শ প্রদান ও সহায়তা করা। উপজেলা পর্যায়ে বাড়রষ এবং হুমকি ওমুক্তিকাসম্পদউন্নয়নইনষ্টিটিউটএরপরীক্ষাগার ওভ্রাম্যমাণ মৃত্তিকাপরীক্ষাগারে কৃষকের মাটি পরীক্ষা পূর্বক ফসলভিত্তিক সারের মাত্রা নির্ধারণ করে সার প্রয়োগের সুপারিশ প্রদান উপজেলা নির্দেশিকা অনুসারে সার সুপারিশ প্রদান করা শস্য পর্যায় ভিত্তিক ফসল আবাদ পরিকল্পনা প্রনয়ণে সহায়তা প্রদান। জৈব কম্পোস্ট, ভার্মি কম্পোস্ট, খামারজাত সার প্রস্তুত ও ব্যবহারে কৃষকদেরকে প্রয়োজনীয় কারিগরী সহায়তা প্রদান।	◊ অধিক জনসংখ্যার খাদ্য চাহিদা মেটাতে খাদ্য উৎপাদন বৃদ্ধির জন্য শস্যের নিবিড়তা বৃদ্ধি পাওয়ায় জমির উপর চাপ বেড়েছে। ◊ জমির স্বাভাবিক উর্বরতা শক্তির নিম্নমুখীতা। ◊ কৃষকদের মাটির স্বাস্থ্য রক্ষা বিষয়ক কারিগরী জ্ঞানের অভাব। ◊ কৃষকদের উৎসাহ কম।	◊ মাটির স্বাস্থ্য রক্ষার পর্যাপ্ত কর্মসূচী ও প্রণোদনার অভাব।	
১৩	পরামর্শ	১৩.১ সমন্বিত বালাই ব্যবস্থাপনা	আইপিএম ও আইসিএম ক্লাবের মাধ্যমে পরিবেশ সম্মত উপায়ে ফসলের রোগ ও পোকামাকড় দমনে কার্যকরী প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান ফসলের বালাই নিয়ন্ত্রণের সমন্বিত বালাই ব্যবস্থাপনা কার্যক্রমের প্রযুক্তি প্রয়োগে নিয়মিত পরামর্শ ও প্রশিক্ষণ প্রদান।	◊ এই প্রযুক্তির কার্যকারিতা রাসায়নিক প্রযুক্তির তুলনায় ধীর গতি সম্পন্ন বিধায় কৃষকের অগ্রহ কম। বিষয়টি শ্রমঘন ও সময় সাপেক্ষ বিধায় কৃষকের প্রযুক্তি প্রয়োগে আগ্রহ কম।	◊ জৈব বালাইনাশক; ফেরোমোন ট্যাপের অপর্യാপ্ততা। জৈব বালাইনাশকের প্রয়োগের সরকারী নীতিমালার অভাব।
		১৩.২ সেচ ব্যবস্থাপনা	সেচ ব্যবস্থাপনা প্রযুক্তির উপর প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান সেচ কাজে ভূপরিষ্ক পানি ব্যবহারে কৃষকদের উদ্বুদ্ধ করা পানি প্রয়োগে অভ্যুত (অধিক) ব্যবহারে কৃষকদেরকে পরামর্শ প্রদান।	◊ সেচ খরচ বেশী। ◊ ভূপরিষ্ক সেচের পানির অভাব। ◊ পানির চাহিদা বিষয়ে কৃষকের জ্ঞানের অভাব। ◊ অনেক ক্ষেত্রে সেচ খরচ হিসাবে উৎপাদিত ফসলের ১/৪ বা ১/৬ অংশ প্রদান করতে	◊ স্থায়ীভাবে সেচ অবকাঠামো স্থাপনের জন্য পর্যাপ্ত আর্থিক সহায়তা অপ্রতুল। ◊ নীতিমালার অভাব। ◊ বিদ্যুতের লোডশেডিং

			হয়।	
১৩.৩	প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় পরামর্শ প্রদান	বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ যেমন খরা, বন্যা, ঝড়, লবনাক্ততা, শীলাবৃষ্টি, জলাবদ্ধতা, জলোচ্ছ্বাস ইত্যাদি সংক্রান্ত প্রাকৃতিক দুর্যোগের পূর্বাভাস ও দুর্যোগ মোকাবেলায় প্রয়োজনীয় পরামর্শ প্রদান।	◊প্রয়োজনীয় জ্ঞান ও সচেতনতার অভাব। ◊পূনর্বাসন ও কৃষকদের আর্থিক সঙ্গতির অভাব। ◊পর্যাপ্ত সহায়তার অভাব।	◊দ্রুততার সাথে দুর্যোগের পূর্বাভাস সময়মতো উপকার ভোগীদের নিকট না পৌঁছানো। ◊যথাযথ সাহায্যের অপ্রতুলতা।
১৩.৪	বসতবাড়ীর আঙ্গিনায় সবজি চাষ	কৃষক/কৃষাণীদের বসতবাড়ীর আঙ্গিনায় সবজি চাষ ব্যবস্থাপনায় প্রয়োজনীয় পরামর্শ প্রদান পারিবারিক পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান সবজি বীজ উৎপাদনে পরামর্শ প্রদান।	◊উপর্যুক্ত জ্ঞানের অভাব। ◊বসতবাড়ীর আঙ্গিনায় পর্যাপ্ত জমির অভাব। ◊বসতবাড়ীতে সূর্যালোকের অভাব ◊উন্নত মানের বীজের অভাব।	◊ পুষ্টি জ্ঞান বিষয়ক দক্ষ জনবলের অভাব।
১৩.৫	ফল বাগান সৃজন ও ব্যবস্থাপনা	উন্নত জাতের দেশী ও বিদেশী ফলের বাগান সৃজনে কৃষকদেরকে উদ্বুদ্ধকরণ ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান ফলবাগান ব্যবস্থাপনায় কৃষকদেরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান।	◊প্রয়োজনীয় প্রযুক্তিগত জ্ঞানের অভাব। ◊মান সম্মত উন্নত জাতের চারার অভাব। ◊অপরিকল্পিত বৃক্ষরোপণ	◊উন্নত জাতের মাতৃগাছের অভাব। ◊ফল সংরক্ষণাগারের অভাব। ◊অপর্যাপ্ত যোগাযোগ ব্যবস্থা। ◊ফল প্রক্রিয়াজাতকরণের অভাব।

৬। ভিশন:

ফসলের টেকসই ও লাভজনক উৎপাদন।

৭। মিশন:

টেকসই ও লাভজনক ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে দক্ষ, ফলপ্রসূ ও বিকেন্দ্রকৃত, এলাকা নির্ভর চাহিদা ভিত্তিক এবং সমন্বিত কৃষি সম্প্রসারণ সেবা প্রদানের মাধ্যমে সকল শ্রেণীর কৃষকের প্রযুক্তি জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ।

৮। কৃষি ক্ষেত্রে সক্ষমতা, দুর্বলতা, সম্ভাবনা ও আশংকা (SWOT):

একটি বস্তুনিষ্ঠ, কার্যকর ও ফলপ্রসূ পরিকল্পনা প্রণয়নের পূর্বশর্ত হচ্ছে এ পরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সক্ষমতা, দুর্বলতা, সম্ভাবনা এবং আশংকাসমূহ সঠিকভাবে বিবেচনা করা।

সক্ষমতা (Strength)	দুর্বলতা (Weakness)
১. অভিজ্ঞ মাঠকর্মী বিদ্যমান। ২. কৃষি উপকরণের পর্যাপ্ত সরবরাহ। ৩. প্রধান প্রধান শস্য উৎপাদনের জন্য লাগসই প্রযুক্তি বিদ্যমান। ৪. নতুন প্রযুক্তি গ্রহণে আগ্রহী ও সৃজনশীল কৃষক। ৫. ফসলের উন্নত জাত। ৬. সেচের পানির প্রাপ্যতা। ৭. বিদ্যমান আর্থিক সহায়তা/প্রণোদনা। ৮. কৃষকদের চিরাচরিত ও অভিজ্ঞতালব্ধ জ্ঞান। ৯. কৃষি উপকরণ সহায়তা কার্ড ও কৃষক ব্যাংক একাউন্ট।	১. উৎপাদিত কৃষিপণ্যের বাজার মূল্যের অস্থিতিশীলতা। ২. উপকরণ (পানি, বীজ, সার, কীটনাশক ইত্যাদি) ব্যবহারের সীমিত দক্ষতা। ৩. কৃষিজাত পণ্যের সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণের অপর্যাপ্ততা। ৪. কার্যসম্পাদন ও তদারকির জন্য যানবাহনের অপর্যাপ্ততা। ৫. ইউনিয়ন পর্যায়ে কর্মকর্তাদের আবাসিক ব্যবস্থা নেই। ৬. প্রশিক্ষণের জন্য আধুনিক সরঞ্জামের অভাব; যেমন: প্রজেক্টর, ল্যাপটপ, মাল্টিমিডিয়া ইত্যাদি।

সম্ভাবনা (Opportunity)	আশংকা (Threat)
------------------------	----------------

<p>১. কৃষিতে আত্ম-কর্মসংস্থানের পর্যাপ্ত সুযোগ।</p> <p>২. হাইব্রীড প্রযুক্তি সম্প্রসারণের পর্যাপ্ত সুযোগ বিদ্যমান।</p> <p>৩. ফলন পার্থক্য হ্রাসের পর্যাপ্ত সুযোগ বিদ্যমান।</p> <p>৪. পরিবেশ বান্ধব প্রযুক্তি সম্প্রসারণের সুযোগ রয়েছে।</p>	<p>১. পরিবেশগত সংকটাপন্নতা (জলবায়ু পরিবর্তন, জলাবদ্ধতা, রোগবালাই ও পোকামাকড়)।</p> <p>২. ক্রমহ্রাসমান চাষযোগ্য জমি ও অকৃষি কাজে কৃষি জমি ব্যবহারের মাত্রা বৃদ্ধি।</p> <p>৩. ক্রমাবনতিশীল মাটির স্বাস্থ্য।</p> <p>৪. বিলুপ্তিমান কৃষি জীববৈচিত্র্য।</p>
---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------	---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------

৯। চিহ্নিত সমস্যাবলী এবং সমস্যার অগ্রাধিকার র্যাঙ্কিং:

চিহ্নিত সমস্যা	গুরুত্বের মাত্রা	স্বউদ্যোগে করতে পারি	সরকারি সহযোগিতায় করতে পারি	বেসরকারি সহযোগিতায় করতে পারি	মোট	র্যাঙ্কিং
১	২	৩	৪	৫	৬	৭
অনাকাঙ্ক্ষিত রোগবালাইয়ের উপস্থিতি।	১০	৫	৯	৮	৩২	১ম
ক্রমহ্রাসমান চাষযোগ্য জমি ও অকৃষি কাজে কৃষি জমি ব্যবহারের মাত্রা বৃদ্ধি।	১০	৩	৯	৫	২৭	৩য়
ক্রমাবনতিশীল মাটির স্বাস্থ্য।	৮	৬	৮	৯	৩১	২য়
জলাবদ্ধতার কারণে চাষযোগ্য জমি পতিত থাকা এবং ফসলের উৎপাদন কমে যাওয়া।	৯	২	৮	৮	২৭	৩য়
চাষযোগ্য জমির মাটির উপরিভাগ অকৃষি কাজে ব্যবহারের কারণে জমি অচাষযোগ্য হয়ে পড়া।	৯	২	৪	৯	২৪	৫ম
যানবাহনের অপ্রতুলতার কারণে মাঠ পর্যায়ের কার্যক্রম তদারকি ব্যাহত হওয়া।	৭	২	৯	৮	২৬	৪র্থ
উপকরণ (পানি, বীজ, সার, কীটনাশক ইত্যাদি) ব্যবহারের সীমিত দক্ষতা।	৯	৩	৮	৬	২৬	৪র্থ
কৃষক প্রশিক্ষণের জন্য আধুনিক সরঞ্জামের অভাব; যেমন: ল্যাপটপ, মাল্টিমিডিয়া ইত্যাদি।	৯	১	৯	৮	২৭	৩য়
ইউনিয়ন পর্যায়ে কর্মকর্তাদের আবাসিক ব্যবস্থা অপ্রতুল।	১০	১	৯	১	২১	৬ষ্ঠ
আধুনিক প্রযুক্তি ও প্রযুক্তিগত জ্ঞান সম্পর্কে কৃষকদের সম্যক ধারণার অভাব।	১০	৫	৮	৮	৩১	২য়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
মাদারগঞ্জ, জামালপুর।

এক নজরে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মাদারগঞ্জ, জামালপুর এর তথ্য :

০১। অফিসের নাম : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মাদারগঞ্জ, জামালপুর।

- অফিস কোড : ১২৫০২০৪০০০০০০

০২। অফিস পরিচিতি : শিক্ষা মন্ত্রণালয় এর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাদ্বারা উপজেলা পর্যায়ে অফিস। এই অফিসটি শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক পরিচালিত আঞ্চলিক উপ-পরিচালক ও জেলা শিক্ষা অফিসার কর্তৃক নিয়ন্ত্রিত।

০৩। অফিসের কার্যক্রম :

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাদ্বারা উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা তথা চাকুরী বিধি কার্য প্রণালী অনুযায়ী দাপ্তরিক কার্যাবলী সম্পাদন করা। অফিস কার্যক্রম : উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়ের উল্লেখযোগ্য কার্যক্রম হল - মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ে শিক্ষার্থীর উপবৃত্তি বিতরণ, শিক্ষক/কর্মচারী নিয়োগে শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধিত্ব করা, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিংবডি/ম্যানেজিং কমিটি গঠনে দায়িত্ব পালন করা, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন তথ্য সংগ্রহ ও সরবরাহ করা, শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও মনিটর করা, উপবৃত্তি প্রদানে শিক্ষার্থী নির্বাচন করা, পাবলিক পরীক্ষা সমন্বয় করা, বৃত্তির বিল প্রদান করা, বিনামূল্যে পাঠ্যপুস্তক সংরক্ষণ ও বিতরণ করা, নির্ধারিত ফরমে শিক্ষা প্রতিষ্ঠান উপবৃত্তির জন্য শিক্ষার্থী তথ্য সরবরাহ করলে যাচাই- বাছাইয়ের পর কোটা অনুসারে বরাদ্দ দেওয়া, শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন কাজ তদারকি করা, স্নাতক মাদরাসা গুলোতে গভর্নিংবডিতে দায়িত্ব পালন করা, শিক্ষা প্রতিষ্ঠানে সাময়িক, বার্ষিক ও নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠান সমন্বয় করা, জঙ্গী বিরোধী সভা, মাদক বিরোধী সভা, বাল্য বিবাহ বিরোধী সভা, ইভটিজিং প্রতিরোধ সংক্রান্ত সভা, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি নবায়নের জন্য পরিদর্শন করা ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক আয়-ব্যয় নিরীক্ষা করা।

এক নজরে মাদারগঞ্জ, জামালপুর।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস তথ্য

১। অফিসের নাম : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

২। অফিস পরিচিতি : প্রতিটি উপজেলায় একটি করে মাধ্যমিক শিক্ষা অফিস রয়েছে। এই অফিসটি শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক পরিচালিত আঞ্চলিক উপ-পরিচালক ও জেলা শিক্ষা অফিসার কর্তৃক নিয়ন্ত্রিত।

৩। অফিস কার্যক্রম : উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়ের উল্লেখযোগ্য কার্যক্রম হল - মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ে শিক্ষার্থীর উপবৃত্তি বিতরণ, শিক্ষক/কর্মচারী নিয়োগে শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধিত্ব করা, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিংবডি/ম্যানেজিং কমিটি গঠনে দায়িত্ব পালন করা, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন তথ্য সংগ্রহ ও সরবরাহ করা, শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও মনিটর করা, উপবৃত্তি প্রদানে শিক্ষার্থী নির্বাচন করা, পাবলিক পরীক্ষা সমন্বয় করা, বৃত্তির বিল প্রদান করা, বিনামূল্যে পাঠ্যপুস্তক সংরক্ষণ ও বিতরণ করা, নির্ধারিত ফরমে শিক্ষা প্রতিষ্ঠান উপবৃত্তির জন্য শিক্ষার্থী তথ্য সরবরাহ করলে যাচাই- বাছাইয়ের পর কোটা অনুসারে বরাদ্দ দেওয়া, শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন কাজ তদারকি করা, স্নাতক মাদরাসা গুলোতে গভর্নিংবডিতে দায়িত্ব পালন করা, শিক্ষা প্রতিষ্ঠানে সাময়িক, বার্ষিক ও নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠান সমন্বয় করা, জঙ্গী বিরোধী সভা, মাধক বিরোধী সভা, বাল্য বিবাহ বিরোধী সভা, ইভটিজিং প্রতিরোধ সংক্রান্ত সভা, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি নবায়নের জন্য পরিদর্শন করা ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক আয়-ব্যয় নিরীক্ষা করা।

৪। অফিসের জনবল কাঠামো : অফিসের প্রধানের পদবী- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ২জন ৩য় শ্রেণীর ও ২জন ৪র্থ শ্রেণীর কর্মচারী।

৫। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার):

১। মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ে শিক্ষার্থীর উপবৃত্তি বিতরণ।

২। শিক্ষক/কর্মচারী নিয়োগে শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধিত্ব করা।

৩। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি /ম্যানেজিং কমিটি গঠনে দায়িত্ব পালন করা।

৪। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন তথ্য সংগ্রহ ও সরবরাহ করা।

৫। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও মনিটর করা।

৬। উপবৃত্তি প্রদানে শিক্ষার্থী নির্বাচন করা।

৭। পাবলিক পরীক্ষা সমন্বয় করা।

৮। বৃত্তির বিল প্রদান করা।

৯। বিনামূল্যে পাঠ্যপুস্তক সংরক্ষণ ও বিতরণ করা।

১০। নির্ধারিত ফরমে শিক্ষা প্রতিষ্ঠান উপবৃত্তির জন্য শিক্ষার্থী তথ্য সরবরাহ করলে যাচাই বাছাইয়ের পর কোটা অনুসারে বরাদ্দ দেওয়া।

১১। প্রতিষ্ঠান থেকে যে কোন তথ্য পাওয়ার পর যাচাই বাছাই করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে সরবরাহ করা।

১২। যে কোন অভিযোগ পাওয়ার সর্বোচ্চ ৭ দিনের মধ্যে তদন্ত সাপেক্ষে নিষ্পত্তি করা।

১৩। শিক্ষক /কর্মচারী নিয়োগের পূর্বে জনবল কাঠামো অনুসারে প্রাপ্যতার সনদ প্রদান।

১৪। শিক্ষামন্ত্রণালয় /সরকারের নির্দেশনা অনুসারে যে কোন দায়িত্ব পালন করা।

১৫। শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নের কাজে তদারকি করা।

১৬। শিক্ষা মন্ত্রণালয় /অধিদপ্তর /শিক্ষাবোর্ডের নির্দেশনা মাঠ পর্যায়ে বাস্তবায়ন করা।

১৭। স্নাতক মাদরাসা গুলোতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসির প্রতিনিধি হিসাবে গভর্নিংবডিতে দায়িত্ব পালন করা।

১৮। জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালনে দায়িত্ব পালন করা।

১৯। শিক্ষা প্রতিষ্ঠানে সাময়িক, বার্ষিক ও নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠান সমন্বয় করা।

২০। জঙ্গী বিরোধী সভা।

২১। মাধক বিরোধী সভা।

২২। বাল্য বিবাহ বিরোধী সভা।

২৩। ইভটিজিং প্রতিরোধ সংক্রান্ত সভা।

৬। ভিশন : তথ্য প্রযুক্তি নির্ভর মানসম্মত শিক্ষা।

৭। মিশন :

- তথ্য প্রযুক্তি নির্ভর শিক্ষাদান নিশ্চিত কল্পে শিক্ষক-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান
- শিক্ষার্থী বান্ধব শিক্ষা প্রতিষ্ঠানের পরিবেশ নিশ্চিত করণ।
- হাইজানিক টয়লেট ও পানীয় জলের ব্যবস্থা।
- ম্যানেজমেন্টকে সক্রিয় করণ।

- অবকাঠামো সম্প্রসারণ ও সংস্কার

৮। সক্ষমতা, দুর্বলতা, সম্ভাবনা ও ঝুঁকি (SWOT) :

<p>সক্ষমতা (Strength)</p> <ol style="list-style-type: none"> ১। অফিসের ঘাটতি জনবল পূরণ ২। একটি হাই রেজুলেশন কম্পিউটার পূরণ ৩। অধিকাংশ শিক্ষক বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রাপ্ত। ৪। সকল বিদ্যালয় স্কাউট, গাইড, রোভার ও বিএনসিসি আওতাভুক্ত ৫। ৪০% শিক্ষার্থী উপবৃত্তির আওতাভুক্ত। ৬। যোগাযোগ ব্যবস্থা উন্নত। ৭। বিদ্যালয়গুলোতে পর্যাপ্ত পরিমাণে শিক্ষাপোকরণ আছে। ৮। শিক্ষক-শিক্ষিকাগণ নিয়মিত বিদ্যালয়ে যান। ৯। পি টি এ কার্যক্রম ১০। মাদক, সন্ত্রাস, বাল্যবিবাহ, ইভটিজিং বিরোধী কার্যক্রম সক্রিয়। 	<p>দুর্বলতা (Weakness)</p> <ol style="list-style-type: none"> ১। অনেক বিদ্যালয়ে শিক্ষার্থীদের জন্য বসার বেঞ্চ অপ্রতুল। ২। কিছু বিদ্যালয়ে শৌচাগার ব্যবহার উপযোগী নয়। ৩। সহকারি শিক্ষকের অনেক পদ শূন্য। ৪। অধিকাংশ শ্রেণি কক্ষ বিশেষ চাহিদা সম্পন্ন মাল্টিমিডিয়া ক্লাস উপযোগী নয়। ৫। ঝুঁকিপূর্ণ বিদ্যালয় সমূহে সীমানা প্রাচীর নেই। ৬। সকল বিদ্যালয়ে পানীয় জলের সুষ্ঠু ব্যবস্থা নাই। ৭। শিক্ষক-শিক্ষিকাদের মাঝে সেবাদানের মনোভাবের অভাব ৮। দুর্বল জনসম্পৃক্ততা। ৯। অভিভাবকদের অসচেতনতা।
<p>সম্ভাবনা (Opportunity)</p> <ol style="list-style-type: none"> ১। উর্ধ্বতন কর্মকর্তাগণ নিয়মিত শিক্ষা কার্যক্রম পরিদর্শন করেন। ২। বিভিন্ন এনজিওদের সম্পূর্ণ শিক্ষা কার্যক্রম রয়েছে এবং নিচ্ছে। ৩। তথ্য প্রযুক্তি নির্ভর শিক্ষাদান কার্যক্রম গতিশীল করা। ৪। দুর্বল শিক্ষার্থীদের উন্নয়নে অতিরিক্ত ক্লাস পরিচালনা ও গরীব শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রদান করা। 	<p>ঝুঁকি (Threat)</p> <ol style="list-style-type: none"> ১। রাজনৈতিক চাপ। ২। ছাত্র শিক্ষার্থীদের সংখ্যা ক্রমাগত হ্রাস পাওয়া। ৩। রাজনৈতিক অস্থিতিশীলতা।

৯। চিহ্নিত সমস্যাবলী এবং সমস্যার অগ্রাধিকার র‍্যাঙ্কিং :

চিহ্নিত সমস্যা	গুরুত্বের মাত্রা	স্বউদ্যোগে করতে পারি	সরকারি সহযোগিতায় করতে পারি	বেসরকারি সহযোগিতায় করতে পারি	মোট	র‍্যাঙ্কিং
১। অফিস এবং বিদ্যালয় পর্যায়ে আসবাব পত্রের অভাব।	২	২	১	১	৬	১ম
২। কিছু কিছু বিদ্যালয়ে পানীয় জলের ব্যবস্থা নাই এবং শৌচাগার ব্যবহার অনুপযোগী।	২	১	১	১	৫	২য়
৩। S M C সক্রিয় নয় এবং প্রশিক্ষণ ও নাই	২	১	১	১	৫	২য়
৪। ঝুঁকিপূর্ণ বিদ্যালয়ে সীমানা প্রাচীর নাই।	২	১	১	১	৫	২য়
৫। রাজনৈতিক চাপ।	১	১	১	১	৪	৩য়
৬। মাল্টিমিডিয়া ক্লাস উপযোগী শ্রেণি কক্ষের অভাব।	১	১	১	১	৪	৩য়
৭। অনেক বিদ্যালয়ে শিক্ষক স্বল্পতা আছে।	১	১	১	-	৩	৪র্থ

[এক নজরে মাদারগঞ্জ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যালয় তথ্য

- ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়, মাদারগঞ্জ, ময়মনসিংহ।
- ২। ৫০ শয্যা বিশিষ্ট মাদারগঞ্জ হাসপাতাল।
- ৩। অফিসের কার্যক্রমঃ-
- ১) মন্ত্রনালয় ও অধিদপ্তরের নীতিমালা অনুযায়ী জনস্বার্থে বিভাগীয় কার্যক্রম বাস্তবায়ন করা।
- ২) উপজেলায় স্বাস্থ্য সেবা মূলক কাজের মনিটরিং ও বাস্তবায়ন করা।
- ৩) শিশু ও মাতৃ মৃত্যুর হার কমানোর লক্ষ্যে ইপিআই কাজ জোরদার করা।
- ৪) উপজেলায় শিশু ও মাতৃ প্রজনন স্বাস্থ্যের ক্ষেত্রে পঃ পঃ বিভাগকে সহায়তা করা।
- ৫) পৌলিও, হাম ও যক্ষ্মা সহ মোট ০৯টি রোগের টিকা দেওয়া হয়।
- ৬) উপজেলায় মাঠকর্মীদেরকে স্বাস্থ্য শিক্ষার মাধ্যমে ডায়রিয়া রোগের উচ্ছেদ করা হয়।
- ৭) স্বাস্থ্য বিভাগের সফলতার কারণে এ দেশের গড় আয়ু বৃদ্ধি পায়।
- ৮) ম্যালেরিয়ার মত ঘাতক রোগ স্বাস্থ্য কর্মীদের দ্বারা নির্মূল করা হয়।
- ৯) স্বাস্থ্য বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীদের কাজের সফলতার কারণে এ দেশ থেকে গুটি বসন্ত রোগ নির্মূল করা হয়।
- ১০) স্বাস্থ্য কমপ্লেক্সের বহিঃ বিভাগ, আন্তঃ বিভাগ, ও জরুরী বিভাগের রোগীদের স্বাস্থ্য সেবা প্রদান করা।
- ১১) আর্সেনিকের মত ঘাতক রোগের চিকিৎসা সেবা প্রদান করা।
- ১২) যক্ষ্মা ও কুষ্ঠ রোগের চিকিৎসা সেবা প্রদান করা।
- ১৩) খাদ্য দ্রব্যে ভেজাল রোধে
- ৫। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) :

সিটিজেন চার্টারঃ

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মাদারগঞ্জ থেকে জনসাধারণকে প্রদত্ত সেবাসমূহ

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিকে প্রদত্ত সেবাসমূহ :-

১। সেবাসমূহ :

২। মা ও শিশু স্বাস্থ্য সেবা :

- ১। বিনামূল্যে মহিলাদের টিটি টিকা প্রদান করা হয়।
- ২। বিনামূল্যে গর্ভবতী মহিলাদের চেকআপ করা হয়।
- ৩। স্বাভাবিক প্রসব করানো হয়।
- ৪। প্রসব পরবর্তী চেকআপ করা হয়।
- ৫। শিশুদের বিভিন্ন রোগের চিকিৎসা করা হয়।
- ৬। ০১ বছরের নীচের শিশুদেরকে বিনামূল্যে - ০৬টি প্রতিষেধক টিকা দেওয়া হয়।
- ৩। সাধারণ রোগীর সেবা ও সাধারণ রোগীদেরকে চিকিৎসা সেবা প্রদান করা হয় এবং বিনামূল্যে ঔষধ প্রদান করা হয়।
- ৪। প্রয়োজনে উচ্চতর চিকিৎসা কেন্দ্রে রেফার করা হয়।

বাড়ি বাড়ি পরিদর্শনের মাধ্যমে প্রদত্ত সেবাসমূহ :

১। স্বাস্থ্য সহকারীগণ বাড়ি বাড়ি পরিদর্শনের মাধ্যমে উঠান বৈঠক করে জনসাধারণকে ইপিআই, ডায়রিয়া, নিমোনিয়া ও বিভিন্ন রোগ সম্বন্ধে স্বাস্থ্য সেবা প্রদান করে থাকেন।

সিএসবিএ প্রদত্ত সেবাসমূহ :

- ১। প্রশিক্ষণ প্রাপ্ত দক্ষ কমিউনিটি ফ্লিড বার্থ এটেনডেন্টগণ (সিএসবিএ) কর্তৃক বাড়িতে গর্ভবতী মায়াদের নিরাপদ স্বাভাবিক প্রসব করানো হয়।
- ২। গর্ভবতীর পরিচর্যা করা হয়।
- ৩। প্রসব পরবর্তী পরিচর্যা করা হয়।

কমিউনিটি ক্লিনিকে সেবা সমূহ

- ১। কমিউনিটি ক্লিনিকে আগত রোগীদের সিএইচসিপি কর্তৃক প্রতিদিন বিনামূল্যে চিকিৎসা সেবা ও ঔষধ দেওয়া হয়।
- ৬। ভিশন : জনগনের স্বাস্থ্য সেবা ১০০% নিশ্চিত করা
- ৭। মিশন : ১। শিশু স্বাস্থ্য সেবা ইপিআই এর ক্ষেত্রে ৯০% উন্নীত হয়েছে এবং তা আরো বৃদ্ধি করা।
 - ২। ডায়রিয়া রোগ নির্মূল করা।
 - ৩। যক্ষ্মা রোগ নির্মূল করা।
- ৮। সক্ষমতা, দুর্বলতা, সম্ভাবনা, ঝুঁকি

<p>সক্ষমতা : ১। স্বাস্থ্য সেবা জনগনের দোড়গোড়ায় পৌছে দেওয়ার জন্য মাঠ পর্যায়ে দক্ষ জনশক্তি রয়েছে ।</p> <p>২। মাঠ পর্যায়ে অধিকাংশ কর্মী অভিজ্ঞ ও ট্রেনিং প্রাপ্ত</p> <p>৩। কমিউনিটি ক্লিনিকে স্বাভাবিক ডেলীভারী করার ট্রেনিং প্রাপ্ত কর্মী রয়েছে।</p> <p>৪। বিনা মূল্যে ঔষধ ও চিকিৎসা সেবা প্রদান করা হয়</p> <p>৫। রিপোর্টিং এবং সাপ- আই সিস্টেম ডিজিটলাইজ করা হয়</p>	<p>দূর্বলতা : ১। অফিস ষ্টাফদের বসার জন্য অতিরিক্ত কক্ষের ও আসবাব পত্রের প্রয়োজন।</p> <p>২। ইউনিয়ন স্বাস্থ্য উপ-কেন্দ্রের নতুন ভবন নির্মাণ</p> <p>৩। কমিউনিটি ক্লিনিকে বিদ্যুতের অভাব</p>
<p>সম্ভবনাঃ ১। স্বাস্থ্য সেবা নেওয়ার ক্ষেত্রে মাঠ পর্যায়ে জনশক্তি কার্যক্রম চলমান</p> <p>২। উর্ধ্বতন কর্মকর্তাগণ নিয়মিত মাঠ কার্যক্রম পরিদর্শন করেন</p>	<p>ঝুঁকি : ১। দূর্বল অবকাঠামো</p> <p>২। কর্মচারীদের পদোন্নতি ও সিলেকশন গ্রেড না পাওয়া</p>

৯। চিহ্নিত সমস্যাবলী এবং সমস্যার অগ্রাধিকার র্যাংকিং :

চিহ্নিত সমস্যা	গুরুত্বের মাত্রা	স্ব-উদ্যোগে করতে পারি	সরকারী সহযোগিতায় করতে পারি	বেসরকারী সহযোগিতায় করতে পারি	মোট	র্যাংকিং
আবাসিক সমস্যা	০৩টি	০১টি	০২টি হ্যাঁ	না	০১	০১
জনবলের সমস্যা	-	-	-	-	০১	০২
হাসপাতালের ঘাটলা নির্মাণ	০১	না	হ্যাঁ	না	০১	০৩
হাসপাতালের গার্ড লাইট	১২	না	হ্যাঁ	না	১২	০৪
মূল গেইটটি মেরামত করা প্রয়োজন	০১	-	হ্যাঁ	না	০১	০৫
					১৬টি	

এক নজরে মাদারগঞ্জ উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের তথ্য

১। অফিস পরিচিতি:

প্রতিটি উপজেলায় একটি করে পরিবার পরিকল্পনা কার্যালয় রয়েছে। এটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতাধীন ও জেলা উপপরিচালক কর্তৃক নিয়ন্ত্রিত।

২। অফিস কার্যক্রম:

উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের কার্যক্রম

১. মন্ত্রণালয় এবং অধিদপ্তরের নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যাবলী বাস্তবায়ন করা।
২. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মসূচী বাস্তবায়ন, মনিটরিং ও মূল্যায়ন করা।
৩. উপজেলা মাতৃ-শিশু ও প্রজনন স্বাস্থ্য কর্মসূচী বাস্তবায়ন করা।
৪. নিয়মিত ও বিশেষ স্থায়ী পদ্ধতির কার্যক্রম বাস্তবায়ন করা।
৫. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ কেন্দ্র সমূহের পরিবার পরিকল্পনা, মা - শিশু ও প্রজনন স্বাস্থ্য কার্যক্রম ইউনিয়ন পর্যায়ের কর্মীদের মাধ্যমে সুষ্ঠুভাবে বাস্তবায়ন করা।
৬. ইউনিয়ন কর্মীদের দ্বারাই ইউনিট/গ্রাম পর্যায়ে সক্ষম দম্পতি ও শিশু (০-৫বছর) সেবা, পরিবার পরিকল্পনা সংক্রান্ত সেবা প্রদানের জন্য স্যাটেলাইট ক্লিনিক সংগঠনের ব্যবস্থা করা।
৭. পরিবার কল্যাণ সহকারীদের বাড়ী পরিদর্শনের মাধ্যমে অস্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি বিতরণসহ উদ্বুদ্ধকরণ কার্যক্রম বাস্তবায়ন ও পরিদর্শনকরা।
৮. পরিবার পরিকল্পনা এবং মা-শিশু ও প্রজনন স্বাস্থ্য কার্যক্রমে নিয়োজিত বেসরকারী সংস্থা সমূহের জন্ম নিয়ন্ত্রন কাজে সহযোগিতা, তত্ত্বাবধান ও মূল্যায়ন করা।
৯. সরকারের নিয়মিত সম্প্রসারিত টিকাদান কর্মসূচী (ইপিআই) কার্যক্রমসহ বিশেষ বিশেষ দিনে (এসআইডি) টিকাদান বাস্তবায়নে সহযোগিতা করা।
১০. স্যাটেলাইট ক্লিনিকসহ সেবা কেন্দ্রে ডিডিএস কিট (ঔষধপত্র) এবং জন্ম নিয়ন্ত্রন সামগ্রীসহ বিভিন্ন উপকরণ সঠিকভাবে বিতরণ করা।

অফিস প্রধানের পদবী: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা।

৩। অফিসের জনবল কাঠামো:

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে সহায়তা প্রদানের জন্য রয়েছেন একজন সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। মা ও শিশু স্বাস্থ্যের উন্নয়নে রয়েছেন একজন মা ও শিশু রোগ বিশেষজ্ঞ মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ-এফপি)। এছাড়াও প্রাত্যহিক কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সহায়ক হিসেবে রয়েছেন ০৩ (তিন) জন উপজেলা পরিবার পরিকল্পনা সহকারী, ০১(এক) জন অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর এবং ০২ (দুই) জন অফিস সহায়ক।

আওতাধীন অফিস :

ক। মা ও শিশু কল্যাণ কেন্দ্র:

মা ও শিশু স্বাস্থ্য উন্নয়নে কেশারপাড় ইউনিয়নে একটি মাত্র মা ও শিশু কল্যাণ কেন্দ্র রয়েছে। একজন পরিবার কল্যাণ পরিদর্শিকা, একজন ফার্মাসিষ্ট, দুইজন মিডওয়াইফ, একজন পিয়ন কাম চৌকিদার উক্ত কেন্দ্রে সেবা দান করেন।

খ। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র :

প্রতিটি ইউনিয়নে একটি করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র রয়েছে। এই কেন্দ্রে একজন উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার, একজন পরিবার কল্যাণ পরিদর্শিকা, একজন আয়া ও একজন নিরাপত্তা প্রহরী জনগনের স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত। এছাড়া পরিবার পরিকল্পনা সেবা জনগনের দোড়গোড়ায় পৌছে দেওয়ার লক্ষে সম্পূর্ণ উপজেলা ৫৬ টি ইউনিটে ভাগ করা হয়েছে। প্রতিটি ইউনিটে একজন করে পরিবার কল্যাণ সহকারী কাজ করছেন। এবং তাঁদের সার্বক্ষণিক সুপারভিশনের জন্য প্রতিটি ইউনিয়নে একজন করে পরিবার পরিকল্পনা পরিদর্শক রয়েছেন।

৪। সিটিজেন চার্টারঃ

উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, উপজেলা সদর ক্লিনিক, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিক থেকে জনসাধারণকে প্রদত্ত সেবাসমূহ:

১. পরিবার পরিকল্পনা সেবাসমূহ :

- পুরুষ স্থায়ী পদ্ধতি (পদ্ধতি গ্রহীতাকে নগদ দুই হাজার টাকা ও একটি লুঙ্গি দেওয়া হয়)।
- মহিলা স্থায়ী পদ্ধতি (পদ্ধতি গ্রহীতাকে নগদ দুই হাজার টাকা ও একটি শাড়ী দেওয়া হয়)।
- দীর্ঘ মেয়াদী পদ্ধতি (তিন বছর মেয়াদ) ইমপ্লান্ট (পদ্ধতি গ্রহীতাকে পদ্ধতি গ্রহণকালে নগদ একশত পঞ্চাশ টাকা ও পরবর্তীতে সর্বোচ্চ তিনটি ফলোআপের ক্ষেত্রে প্রতিবার সত্তর টাকা প্রদান করা হয়।
- দীর্ঘ মেয়াদী পদ্ধতি (সাত বছর মেয়াদ) আইইউডি (পদ্ধতি গ্রহীতাকে পদ্ধতি গ্রহণকালে নগদ একশত পঞ্চাশ টাকা ও পরবর্তীতে সর্বোচ্চ তিনটি ফলোআপের ক্ষেত্রে প্রতিবার আশি টাকা প্রদান করা হয়।
- বিনামূল্যে স্বল্পমেয়াদী পদ্ধতি ইনজেকশন প্রদান করা হয়।
- স্বল্পমেয়াদী পদ্ধতি কনডম প্রদান করা হয় (প্রতি ডজন ১.২০ টাকা হিসাবে)।
- বিনামূল্যে স্বল্পমেয়াদী পদ্ধতি খাবার বড়ি প্রদান করা হয়।
-

২. মা ও শিশু স্বাস্থ্য সেবা :

- বিনা মূল্যে গর্ভবতী মহিলাদের চেকআপ করা হয়।
- স্বাভাবিক প্রসব করানো হয়।
- প্রসব পরবর্তী চেকআপ করা হয়।
- শিশুদের বিভিন্ন রোগের চিকিৎসা করা হয়।
-

৩. সাধারণ রোগীর সেবা : সাধারণ রোগীদেরকে চিকিৎসা সেবা প্রদান করা হয় এবং সরবরাহ থাকা সাপেক্ষে বিনা মূল্যে ঔষধ প্রদান করা হয়।

৪. প্রয়োজনে উচ্চতর চিকিৎসা কেন্দ্রে রেফার করা হয়।

৫. বাড়ি বাড়ি পরিদর্শনের মাধ্যমে প্রদত্ত সেবাসমূহ :

১. পরিবার কল্যাণ সহকারীগণ বাড়ি বাড়ি পরিদর্শনের মাধ্যমে সক্ষম দম্পতিগণকে খাবার বড়ি, কনডম ও ইনজেকশন বিতরণ করে থাকেন।
২. শিশুর প্রারম্ভিক বিকাশ বিষয়ক কাউন্সেলিং করা হয়।
৩. গর্ভবতীর পরিচর্যা করা হয়।

সিএসবিএ প্রদত্ত সেবাসমূহ :

১. প্রশিক্ষণপ্রাপ্ত দক্ষ কমিউনিটি ফ্লিডবার্থ এটেনডেন্টগণ (সিএসবিএ) কর্তৃক বাড়িতে গর্ভবতী মায়াদের নিরাপদ স্বাভাবিক প্রসব করানো হয়।
২. গর্ভবতীর পরিচর্যা করা হয়।
৩. প্রসব পরবর্তী পরিচর্যা করা হয়।

৫। ভিশন: দুটি সন্তানের বেশী নয়, একটি হলে ভাল হয়।

৬। মিশন:

- পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারকারীর হার ১৯৭৫ এর ৭.৭% থেকে ২০১০ সালে ৬১.৭% এ উন্নতি হয়েছে এবং তা আরো বৃদ্ধি করা।
- মোট প্রজনন হার বা মহিলা প্রতি গড় সন্তান জন্মদানের হার ১৯৭১ সালে ৬.৩ থেকে ২০১০ সালে ২.৫ এ হ্রাস পেয়েছে। এ অগ্রগতি ধরে রাখা।
- এক বছরের কমবয়সী শিশুমৃত্যুর হার (হাজারে) ১৯৭৫ সালে ১৫০ থেকে ২০০৭ সালে ৫২ তে হ্রাস পেয়েছে। অগ্রগতি ত্বরান্বিত করা।
- অপূর্ণ চাহিদার হার ১৯৯৩-৯৩ সালের ১৯ শতাংশ থেকে ২০০৭ সালে ১৭.৬ এ হ্রাস পেয়েছে এবং আরো হ্রাস করা।
- মাতৃ মৃত্যুর হার (প্রতি হাজারে) ২০০১ সালে ৩.২ থেকে ২০১০ সালে ১.৯৪ এ হ্রাস পেয়েছে এবং আরো হ্রাস করে ২০২১ সালে ১.৪৩ এ নিয়ে আসা।

৭। সক্ষমতা, দুর্বলতা, সম্ভাবনা ও ঝুঁকি (SWOT):

<p>সক্ষমতা (Strength)</p> <p>১। পরিবার পরিকল্পনা সেবা জনগনের দোড়গড়ায় পৌছে দেওয়ার জন্য মাঠ পর্যায়ে দক্ষ জনশক্তি রয়েছে। ২। মাঠ পর্যায়ে অধিকাংশ কর্মী অভিজ্ঞ এবং ট্রেনিং প্রাপ্ত। ৩। বাড়িতে এবং স্বাস্থ্য কেন্দ্রে স্বাভাবিক ডেলিভারি করার ট্রেনিং প্রাপ্ত কর্মী রয়েছে। ৪। রিপোর্টিং এবং সাপ- আই সিস্টেম ডিজিটাইজ করা হয়েছে। ৫। বিনামূল্যে পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। ৬। স্থায়ী ও দীর্ঘ মেয়াদী সেবা গ্রহীতদের যাতায়াত ও ফলোয়াপ ভাতা দেওয়া হয়।</p>	<p>দুর্বলতা (Weakness)</p> <p>১। মা ও শিশু বিশেষজ্ঞ মেডিক্যাল অফিসার পদটি দীর্ঘদিন যাবত খালি ২। সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা না থাকায় মাঠ পর্যায় মাঠ পর্যায়ে পরিদর্শন ব্যাহ হচেছে। ৩। অফিস স্টাফদের বসার জন্য অতিরিক্ত কক্ষের ও আসবাব পত্রের অভাব। ৪। অনেক ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র মেরামতের অভাবে ঝুঁকিপূর্ণ হয়ে দাড়িয়েছে। ৫। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সংলগ্ন আবাসিক ভবনগুলো জরাজীর্ণ হয়ে পড়ায় কেন্দ্রে অবস্থান করে ২৪ ঘন্টা স্বাস্থ্য সেবা ব্যাহত হচেছে। ৬। মাঠ পর্যায় অনেক পদ শূন্য ৭। সেবাদান কেন্দ্রে পানীয় জলের অভাব ৮। অনেকের মাঝে সেবাদানের মনোভাবের অভাব</p>
<p>সম্ভাবনা (Opportunity)</p> <p>১। সঠিক পরিবার পরিকল্পনা নেওয়ার ক্ষেত্রে মাঠ পর্যায়ে জনশক্তি নিয়োগ কার্যক্রম চলমান। ২। সবার কাছে পরিবার পরিকল্পনা সেবা পৌছে দেওয়ার লক্ষে সরকারী ও অসরকারী সংস্থা মিলে কার্যক্রম ত্বরান্বিত করা হচেছে। ৩। উদ্বৃত্ত কর্মকর্তাগণ নিয়োগিত মাঠ কার্যক্রম পরিদর্শন করেন।</p>	<p>ঝুঁকি (Threat)</p> <p>১। দুর্বল অবকাঠামো। ২। নিয়মিত মাঠ পর্যায়ে সেবাদানে অনিহা। ৩। কর্মচারীদের পদোন্নতি ও সিলেকশন শ্রেষ্ঠ না পাওয়া। ৪। বিভাগীয় কার্যক্রম ছাড়াও অন্যান্য বিভাগের কাজে মাঠ পর্যায়ে কর্মীদের সময় দান।</p>

৯। চিহ্নিত সমস্যাবলী এবং সমস্যার অগ্রাধিকার র‍্যাঙ্কিং:

চিহ্নিত সমস্যা	গুরুত্বের মাত্রা	স্বউদ্যোগে করতে পারি	সরকারি সহযোগিতায় করতে পারি	বেসরকারি সহযোগিতায় করতে পারি	মোট	র‍্যাঙ্কিং
স্থায়ী জন্ম নিয়ন্ত্রণ						
দীর্ঘ মেয়াদী পদ্ধতি						
অস্থায়ী জন্ম নিয়ন্ত্রণ						
স্বাস্থ্য কেন্দ্রে ডেলিভারি						
বাড়িতে স্বাভাবিক ডেলিভারি						
মা ও শিশু স্বাস্থ্য সেবা						
সাধারণ রোগের সেবা						
পঃ পঃ বিষয়ে উদ্বুদ্ধকরণ সভা						

এক নজরে মাদারগঞ্জ উপজেলা মৎস্য কর্মকর্তার তথ্য

০১। অফিসের নাম : উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, মাদারগঞ্জ, জামালপুর।

০২। অফিস পরিচিতি:

প্রতিটি উপজেলায় একটি করে উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় রয়েছে। এই অফিসটি মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন মৎস্য অধিদপ্তরের অধীনে পরিচালিত ও জেলার জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক নিয়ন্ত্রিত।

০৩। অফিসের কার্যক্রম :

উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ের উল্লেখযোগ্য কর্মসূচীগুলো হল : পোনা মাছ অবমুক্তি কার্যক্রম বাস্তবায়ন, মৎস্য সপ্তাহ কর্মসূচী বাস্তবায়ন, মৎস্য আইন প্রয়োগ ও বাস্তবায়ন, ক্ষুদ্র ঋণ প্রকল্পের ঋণ কার্যক্রম ও বাস্তবায়ন, মৎস্য চাষীদের পরামর্শ ও সেবা প্রদান, মৎস্য খামার, আড়ৎ, বরফকল ও খাদ্য কারখানা রেজিস্ট্রেশন, জলমহাল ব্যবস্থাপনা। এ ছাড়াও আধুনিক চাষ উপকরণ সংগ্রহে ও রেগু পোনা সংগ্রহে মৎস্য চাষীদের সহায়তা প্রদান করা হয়। বিভিন্ন বাজার ও আড়ৎ পরিদর্শন, খামার পরিদর্শন ও পরামর্শ প্রদান। এ ছাড়াও বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ও সমন্বয় করা, নির্বাচন কমিশন কর্তৃক অর্পিত দায়িত্ব পালন ছাড়াও জনকল্যাণে সামাজিক সমস্যা সমাধানে সহায়তা প্রদানসহ সরকারের নির্বাহী আদেশে অন্যান্য দায়িত্ব পালন।

০৪। অফিসের জনবল কাঠামো :

অফিস প্রধানের পদবী: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা।

তাহাকে সহায়তা করার জন্য রয়েছেন একজন সহকারী মৎস্য কর্মকর্তা, একজন অফিস সহকারী কাম- কম্পিউটার অপারেটর ও একজন অফিস সহায়ক।

আওতাধীন অফিস: নেই।

০৫। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার):

দপ্তরের কার্যাবলী:

০১. মৎস্য ও চিংড়ি চাষী এবং উদ্দোক্তাদের উন্নত প্রযুক্তি ভিত্তিক মাছ ও চিংড়ি চাষের পরামর্শ প্রদান।
০২. মুক্ত জলাশয়ের মৎস্য সম্পদ উন্নয়নের লক্ষ্যে সমাজ ভিত্তিক মৎস্য ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনা এবং মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন।
০৩. মৎস্য ও চিংড়ি চাষ উন্নয়নের লক্ষ্যে প্রকল্পের কারিগরী উপযোগিতা যাচাই ও প্রকল্প প্রস্তাব প্রনয়নে সহায়তা প্রদানের মাধ্যমে উদ্দোক্তা ও মৎস্য চাষীকে ঋণ প্রাপ্তিতে সহায়তা প্রদান।
০৪. উন্নত জাতের পোনা মাছ ও চিংড়ি চাষের বিভিন্ন উপাদান উপকরণ সংগ্রহ ও সরবরাহে সহযোগিতা প্রদান।
০৫. উপজেলাধীন মৎস্য সম্পদের তথ্য ও উপাত্ত সংগ্রহ ও উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা।
০৬. মৎস্য অধিদপ্তর কর্তৃক পরিচালিত উন্নয়ন প্রকল্পের অধীনে গৃহীত কার্যক্রম বাস্তবায়ন।
০৭. মৎস্য মান নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর করার লক্ষ্যে মাছ ও চিংড়ি চাষে অনুমোদন বিহীন দ্রব্যের ব্যবহার বন্ধে চাষীদের উদ্বুদ্ধ করণ ও সংক্রমণের উৎস সনাক্তকরণ এবং হ্যাসাপ কার্যক্রম বাস্তবায়ন।
০৮. আহরনোত্তর মাছ ও চিংড়ি অবতরন কেন্দ্র/ডিপো পরিদর্শন এবং সেগুলোর পরিষ্কার পরিচ্ছন্নতা রক্ষায় উদ্বুদ্ধ করণ।
০৯. জনগণকে উন্নত প্রযুক্তি ব্যবহারে মাছ চাষে উদ্বুদ্ধ করার নিমিত্তে নতুন প্রযুক্তি হাতে কলমে প্রদর্শনের লক্ষ্যে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের সাহায্যে প্রদর্শনী মৎস্য খামার স্থাপন।
১০. মৎস্য ও চিংড়ি চাষ এবং ব্যবস্থাপনা বিষয়ে বিভিন্ন সম্প্রসারণ সামগ্রী চাষী/মৎস্যজীবীদের মধ্যে বিতরণ।
১১. জাটকা নিধন রোধে ভ্রাম্যমান আদালত পরিচালনায় সহায়তা করা।

সেবা প্রদানকারী কর্মকর্তা / কর্মচারীর পদবী	যথাসময়ে সেবা পাওয়া না গেলে যার সাহায্য চাইবেন	চূড়ান্তভাবে নিষ্পত্তি না হলে বা সময়মত সহায়তা না পাওয়া গেলে যার কাছে অভিযোগ করবেন
--------------------------------------------	-------------------------------------------------	--------------------------------------------------------------------------------------

সহকারী মৎস্য কর্মকর্তা	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মাদারগঞ্জ, ময়মনসিংহ।	জেলা মৎস্য কর্মকর্তা, ময়মনসিংহ।
------------------------	-------------------------------------------------------	----------------------------------

ক্রমিক নং	সেবাসমূহ	সেবা গ্রহনকারী ক্লায়েন্ট	সেবা প্রদানের সময়সীমা
১	মৎস্য উৎপাদন বৃদ্ধির পরিকল্পনা গ্রহণের মাধ্যমে জনগণকে পুষ্টি যোগাতে সহায়তা প্রদান।	মৎস্য চাষী/ উদ্যোক্তা	অফিস সময়ে
২	প্রশিক্ষণ ও মত বিনিময় সভা আয়োজনের মাধ্যমে সম্প্রসারণ সেবা প্রদান।	মৎস্য চাষী/ উদ্যোক্তা	অফিস সময়ে
৩	অফিসে আগত মৎস্যচাষীদের মৎস্যচাষ বিষয়ক সেবা প্রদান	মৎস্য চাষী/ উদ্যোক্তা	অফিস সময়ে
৪	ব্যক্তি/ প্রতিষ্ঠানকে মৎস্য ঋণ প্রাপ্তিতে সহায়তা করা।	মৎস্য চাষী/ উদ্যোক্তা	অফিস সময়ে
৫	মৎস্যচাষের আধুনিক উপকরণ সংগ্রহ সহায়তা করা।	মৎস্য চাষী/ উদ্যোক্তা	অফিস সময়ে
৬	জনগণকে বাণিজ্যিক ভিত্তিতে মাছ চাষে উদ্বুদ্ধকরণ ও কারিগরী সেবা প্রদান।	মৎস্য চাষী/ উদ্যোক্তা	অফিস সময়ে
৭	দেশীয় প্রজাতির মৎস্য সংরক্ষণে সহায়তাসেবা প্রদান।	মৎস্য চাষী/ উদ্যোক্তা	অফিস সময়ে
৮	মাছ ও চিংড়ি অবতরনকেন্দ্র/ ডিপো পরিদর্শন এবং সেগুলোর পরিষ্কার পরিচ্ছন্নতা	মৎস্যচাষী/ উদ্যোক্তা	অফিস সময়ে
৯	জনস্বার্থে প্রয়োজনীয় যেকোন সেবা	মৎস্য চাষী/ উদ্যোক্তা	অফিস সময়ে

০৬। ভিশন:

উপজেলার মৎস্য চাহিদা পূরণ ও উৎপাদন বৃদ্ধি করে দেশীয় বাজারে এবং আন্তর্জাতিক বাজারে নিরাপদ মাছ রপ্তানি করা।

০৭। মিশন:

- উন্নত প্রযুক্তিতে মাছ চাষের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি করা;
- বিপুল সংখ্যক মৎস্য চাষীদের মাঝে আধুনিক ও নিরাপদ মৎস্য চাষ প্রযুক্তি ছড়িয়ে দেওয়া;
- উপজেলার সকল আড়ত, মৎস্য খাদ্য উৎপাদক ও বিক্রেতা, হ্যাচারি ও খামার লাইসেন্সের আওতায় আনা;
- সরকারী ও বেসরকারী উন্নয়ন সংস্থা এবং বেসরকারী সংগঠন/ উদ্যোক্তাদের মাঝে সমন্বয় সাধন।

০৮। সক্ষমতা, দুর্বলতা, সম্ভাবনা ও ঝুঁকি (SWOT):

<p>শক্তি (Strength)</p> <ol style="list-style-type: none"> অভিজ্ঞ জনবল রয়েছে। একটি সচল ল্যাপটপ রয়েছে। একটি সচল মোটরসাইকেল রয়েছে। পর্যাপ্ত সংখ্যক প্রশিক্ষণ প্রাপ্ত মৎস্যচাষী রয়েছে। উন্নত জাতের পোনা সরবরাহে জাতীয় পর্যায়ের পুরস্কার প্রাপ্ত হ্যাচারি রয়েছে। বিভিন্ন ভালো কোম্পানির পরীক্ষিত মৎস্য খাদ্য সরবরাহ যথেষ্ট। 	<p>দুর্বলতা (Weakness)</p> <ol style="list-style-type: none"> অফিস কাজে কম্পিউটারের অপ্রতুলতা। অপ্রতুল জনবল। ইউনিয়ন পর্যায়ে কোন অফিস নেই। সহকারী মৎস্য কর্মকর্তার পদ শূন্য। প্রয়োজনীয় অফিস কক্ষের অভাব। প্রশিক্ষণ কক্ষের অভাব।
<p>সম্ভাবনা (Opportunity)</p> <ol style="list-style-type: none"> প্রচুর পুকুর ও নিচু জমি রয়েছে প্রচুর মৎস্য খামার রয়েছে অনেক খাল রয়েছে যেখানে মাছের মজুদ বাড়ানো সম্ভব সাধারণ জনগন উন্নত প্রযুক্তি গ্রহণে আগ্রহী বেশ কয়েকটি বড় বাজার রয়েছে মাছ রপ্তানি বৃদ্ধি করে বৈদেশিক মুদ্রা অর্জনের 	<p>ঝুঁকি (Threat)</p> <ol style="list-style-type: none"> মাছের রোগ বিস্তার জলবায়ু পরিবর্তন (তাপমাত্রার অস্বাভাবিক হ্রাস-বৃদ্ধি) পানি পরীক্ষার জন্য প্রয়োজনীয় উপকরণ না থাকা প্রাকৃতিক দুর্যোগ (খরা, বন্যা ইত্যাদি) অফিস কাজে কম্পিউটার ও এক্সেসরিজ অপ্রতুল যানবাহনের অভাব

সুযোগ।	৮। পানির স্বল্পতা ৯। রাজনৈতিক হস্তক্ষেপ।
--------	---------------------------------------------

০৯। চিহ্নিত সমস্যাবলী এবং সমস্যার অগ্রাধিকার র‍্যাঙ্কিংঃ

চিহ্নিত সমস্যা	গুরুত্বের মাত্রা	স্বউদ্যোগে করতে পারি	সরকারি সহযোগিতায় করতে পারি	বেসরকারি সহযোগিতায় করতে পারি	মোট	র‍্যাঙ্কিং
১.ইউনিয়ন/ মাঠ পর্যায়ে জনবলের স্বল্পতা	৩	৩	৩	২	১১	২য়
২.যানবাহন মোটরসাইকেল) এর অপ্রতুলতা	৩	২	৩	৩	১১	২য়
৩.প্রশিক্ষণ কার্যক্রমের বরাদ্দের অপ্রতুলতা	৩	২	৩	৩	১১	২য়
৪.প্রশিক্ষণ কক্ষের অভাব	৩	৩	৩	৩	১২	১ম
৫.প্রশিক্ষণ উপকরণ (ল্যাপটপ, প্রজেক্টর প্রভৃতি) এর অপ্রতুলতা	২	২	৩	৩	১০	৩য়
৬.পানি পরীক্ষার কীটবক্স এর অপ্রতুলতা	৩	৩	৩	৩	১২	১ম
৭.অফিস কাজে কম্পিউটার ও এক্সেসরিজ অপ্রতুল	৩	৩	৩	৩	১২	১ম
৮.প্রজেক্টের মাছ চুরি হওয়া	২	২	২	৩	৯	৪র্থ
৯.যৌথ মালিকানাধীন জলাশয়ে মাছ চাষে ব্যক্তিগত দ্বন্দ্ব	৩	২	৩	৩	১১	২য়
১০. প্রয়োজনীয় অফিস কক্ষের অভাব	৩	৩	৩	৩	১১	১ম
১১. Reference materials/books প্রয়োজন	২	২	২	২	৮	৫ম

এক নজরে মাদারগঞ্জ, উপজেলা যুব উন্নয়ন তথ্য

১। অফিসের নাম : উপজেলা যুব উন্নয়ন অফিস, মাদারগঞ্জ, জামালপুর।

২। অফিস পরিচিতি :

কর্মক্ষম যুব সমাজ একটা দেশের আর্থ-সামাজিক উন্নয়নের মূল চালিকা শক্তি। মানব সভ্যতা বিকাশের ইতিহাস পর্যালোচনা করলে এটি সহজেই প্রতীয়মান হয় যে, প্রস্তুত যুগ হতে আধুনিক সমাজ বিনিমানে অবদান রয়েছে যুবক ও যুবমহিলাদের অবিষ্মরণীয় উদ্ভাবন, দূরদৃষ্টি সম্পন্ন নেতৃত্বে আর নিরলস পরিশ্রম। এই গাঙ্গেয় উপত্যকায় আধুনিক বাংলাদেশের সমাজ বিনির্মাণের পথ-পরিক্রমায় ৫২এর ভাষা আন্দোলন, ৬৬এর ৬ দফা আন্দোলন, ৬৯এর গণ আন্দোলন, সর্বোপরি আমাদের মহান মুক্তিযুদ্ধে যুব সমাজের ভূমিকাই ছিল মুখ্য। স্বাধীনতা পরবর্তী ১৯৭২ সালে প্রণীত বাংলাদেশের সংবিধানের ১৪,১৭ ও ২০ অনুচ্ছেদগুলোতে যুব শ্রেণীসহ সমগ্র জনগণের কল্যাণ ও উন্নয়নের উপর গুরুত্বারোপ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় স্বাধীনতার অব্যবহিত পরে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে যুব উন্নয়নের কাজ শুরু হয় এবং প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনাতেও যুব উন্নয়নের লক্ষ্যে কর্ম-পদক্ষেপ গ্রহণ করা হয়। অতঃপর দেশের যুব সমাজকে যুব শক্তিতে পরিণত করার ব্রত নিয়ে ১৯৭৮ সালে যুব উন্নয়ন মন্ত্রণালয় প্রতিষ্ঠা করা হয়,

পরবর্তীতে যার নামকরণ করা হয় যুব ও ক্রীড়ামন্ত্রণালয়। ১৯৮১ সালে প্রতিষ্ঠা করা হয় যুব উন্নয়ন অধিদপ্তর-যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন। অত্রচাঁদপুর সদর উপজেলা কার্যালয়টি ১৯৯৪-১৯৯৫ অর্থবছরে প্রতিষ্ঠিত হয়। শুরু থেকে বিভিন্ন যুব কার্যক্রম বাস্তবায়ন করে আসিতেছে।

৩। অফিসের কার্যক্রম :

বেকার যুবদের দক্ষতাবৃদ্ধি মূলক প্রশিক্ষণ, আত্মকর্মী বৃদ্ধি, যুব ঋণ প্রদান, যুব সংগঠনকে তালিকাভুক্তিকরণ, এবং অনুদান প্রদান, বায়োগ্যাস প্লান্ট স্থাপন, যুবদের সামাজিক সমস্যা সম্পর্কে সচেতনতা বৃদ্ধিমূলক বিভিন্ন কার্যক্রম।

৪। অফিসের জনবল কাঠামো :

ক্রমিক নং	পদবী	অনুমোদিত পদ সংখ্যা	মন্তব্য
০১	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	০১ টি	
০২	ক্রেডিট সুপারভাইজার	০৩ টি	
০৩	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	০১ টি	
০৪	ক্যাশিয়ার	০১ টি	শূন্য পদ
০৫	অফিস সহায়ক	০১টি	

অফিস প্রধানের পদবীঃ.. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

আওতাধীন অফিস : ইমপ্যাক্ট প্রকল্প (ফেইজ-২)

৫। সেবা প্রদান প্রতিশ্রুত (সিটিজেন চার্টার) যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন সেবা কার্যক্রম।

প্রশিক্ষণ সংক্রান্তসেবা

নং	সেবার বিবরণ	প্রাপ্য সুবিধাদি	সেবা গ্রহণকারী	সেবা প্রাপ্তির শর্ত	সেবা প্রদানকারী	সেবা প্রদানের সময়সীমা
০১	প্রশিক্ষণ : প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক, প্রাতিষ্ঠানিকঃ- গবাদিপশু হাঁসমুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্যচাষ ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ কোর্স (মেয়াদ-০২মাস ১৫দিন)	প্রশিক্ষণের সুবিধা (আবাসিক) আত্মকর্মসংস্থান সুযোগ	বেকার যুবক ও যুব মহিলা	১৮-৩৫ বছরের বেকার যুবক ও যুব মহিলা হতে হবে। শিক্ষাগত যোগ্যতা ৮ম শ্রেণী পাশ। ১০০ টাকা ভর্তি ফি জমা দিতে হবে। নির্ধারিত তারিখে ভর্তি হতে হবে।	উপপচালকের কার্যালয়/যুব প্রশিক্ষনকেন্দ্র / উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়	৭-১০ দিন
০২	মৎস্য চাষ প্রশিক্ষণ কোর্স মেয়াদ ০১ মাস	প্রশিক্ষণের সুবিধা (অনাবাসিক) আত্মকর্মসংস্থান সুযোগ	ঐ	১৮-৩৫ বছরের বেকার যুবক ও যুব মহিলা হতে হবে। শিক্ষাগত যোগ্যতা ৮ম শ্রেণী পাশ। ৫০ টাকা ভর্তি ফি জমা দিতে হবে। নির্ধারিত তারিখে ভর্তি হতে হবে।	উপপচালকের কার্যালয়	৭-১০ দিন

০৩	পোশাক তৈরী ও দর্জি বিজ্ঞান (মেয়াদ ০৩ মাস ও ০৬ মাস)	ঐ	ঐ	১৮-৩৫ বছরের বেকার যুবক ও যুব মহিলা হতে হবে। শিক্ষাগত যোগ্যতা ৮ম শ্রেণী পাশ ও এইচ,এস,সি পাশ। ৫০ টাকা ভর্তি ফি জমা দিতে হবে। নির্ধারিত তারিখে ভর্তি হতে হবে	উপপচালকের কার্যালয়	৭-১০ দিন
০৪	কম্পিউটার বেসিক প্রশিক্ষণ কোর্স(মেয়াদ-০৬মাস)	প্রশিক্ষনের সুবিধা (অনাবাসিক) আত্মকর্মসংস্থানের সুযোগ	ঐ	১৮-৩৫ বছরের বেকার যুবক ও যুব মহিলা হতে হবে। শিক্ষাগত যোগ্যতা এইচ,এস,সি পাশ। ১০০০/- টাকা ভর্তি ফি জমা দিতে হবে। নির্ধারিত তারিখে ভর্তি হতে হবে	উপপচালকের কার্যালয়	০৭-১০দিন
০৫	কম্পিউটার গ্রাফিক্স প্রশিক্ষণ কোর্স(মেয়াদ-০৬মাস)	প্রশিক্ষনের সুবিধা (অনাবাসিক) আত্মকর্মসংস্থানের সুযোগ	ঐ	১৮-৩৫ বছরের বেকার যুবক ও যুব মহিলা হতে হবে। শিক্ষাগত যোগ্যতা এইচ,এস,সি পাশ। ২০০০/- টাকা ভর্তি ফি জমা দিতে হবে। নির্ধারিত তারিখে ভর্তি হতে হবে	উপপচালকের কার্যালয়	০৭-১০দিন
০৬	ইলেক্ট্রিক এন্ড হাউজওয়ারিং প্রশিক্ষণ কোর্স (মেয়াদ-০৬মাস)	প্রশিক্ষনের সুবিধা (অনাবাসিক) আত্মকর্মসংস্থানের সুযোগ	ঐ	১৮-৩৫ বছরের বেকার যুবক ও যুব মহিলা হতে হবে। শিক্ষাগত যোগ্যতা এইচ,এস,সি পাশ। ৩০০/- টাকা ভর্তি ফি জমা দিতে হবে। নির্ধারিত তারিখে ভর্তি হতে হবে	উপপচালকের কার্যালয়	০৭-১০দিন
০৭	রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং প্রশিক্ষণকোর্স (মেয়াদ ০২ মাস ১৫ দিন)	প্রশিক্ষনের সুবিধা (অনাবাসিক) আত্মকর্মসংস্থানের সুযোগ	ঐ	১৮-৩৫ বছরের বেকার যুবক ও যুব মহিলা হতে হবে। শিক্ষাগত যোগ্যতা এস,এস,সি পাশ। ৩০০/- টাকা ভর্তি ফি জমা দিতে হবে। নির্ধারিত তারিখে ভর্তি হতে হবে	উপপচালকের কার্যালয়	০৭-১০দিন
০৮	ইলেক্ট্রনিক্স প্রশিক্ষণ কোর্স (মেয়াদ-০৬মাস)	প্রশিক্ষনের সুবিধা (অনাবাসিক) আত্মকর্মসংস্থানের সুযোগ	ঐ	১৮-৩৫ বছরের বেকার যুবক ও যুব মহিলা হতে হবে। শিক্ষাগত যোগ্যতা এস,এস,সি পাশ। ৩০০/- টাকা ভর্তি ফি জমা দিতে হবে। নির্ধারিত তারিখে ভর্তি হতে হবে	উপপচালকের কার্যালয়	০৭-১০দিন
০৯	লিংকিং মেশিন অপারেটিং প্রশিক্ষণকোর্স (মেয়াদ-০১মাস)	প্রশিক্ষনের সুবিধা (অনাবাসিক) আত্মকর্মসংস্থানের সুযোগ	ঐ	১৮-৩৫ বছরের বেকার যুবক ও যুব মহিলা হতে হবে। শিক্ষাগত যোগ্যতা ৮ম পাশ। ৩০০/- টাকা ভর্তি ফি জমা দিতে হবে। নির্ধারিত তারিখে ভর্তি হতে হবে	উপপচালকের কার্যালয়, গাইবান্দা ও কুড়িগ্রাম	০৭-১০দিন
১০	ব- কপ্রিন্টিং প্রশিক্ষণকোর্স (মেয়াদ-০৬ সপ্তাহ)	প্রশিক্ষনের সুবিধা (অনাবাসিক) আত্মকর্মসংস্থানের সুযোগ	ঐ	১৮-৩৫ বছরের বেকার যুবক ও যুব মহিলা হতে হবে। শিক্ষাগত যোগ্যতা ৮ম শ্রেণী পাশ। ৫০/- টাকা ভর্তি ফি জমা দিতে হবে। নির্ধারিত তারিখে ভর্তি হতে হবে	উপ পরিচালকের কার্যালয়,	০৭-১০দিন
১১	ব্লক,বাটিক ও স্ক্রিন প্রিন্টিং প্রশিক্ষণ কোর্স (মেয়াদ-০৪মাস)	প্রশিক্ষনের সুবিধা (অনাবাসিক) আত্মকর্মসংস্থানের সুযোগ	ঐ	১৮-৩৫ বছরের বেকার যুবক ও যুব মহিলা হতে হবে। শিক্ষাগত যোগ্যতা ৮ম শ্রেণী পাশ। ৫০/- টাকা ভর্তি ফি জমা দিতে হবে। নির্ধারিত তারিখে ভর্তি হতে হবে	উপ পচালকের কার্যালয়,	০৭-১০দিন
১২	মডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এপ্লিকেশন	প্রশিক্ষনের সুবিধা (অনাবাসিক)	ঐ	১৮-৩৫ বছরের বেকার যুবক ও যুব মহিলা হতে হবে। শিক্ষাগত যোগ্যতা এস,এস,সি পাশ। ৫০০/-	উপ পচালকের কার্যালয়,	০৭-১০দিন

	প্রশিক্ষণ কোর্স (মেয়াদ-০৪মাস)	আত্মকর্মসংস্থানের সুযোগ		টাকা ভর্তি ফি জমা দিতে হবে। নির্ধারিত তারিখে ভর্তি হতে হবে		
ক,	অপ্য়াতিষ্ঠানিক, (মেয়াদ-১৫ দিন) পশুসম্পদ বিষয়ক প্রশিক্ষণ কোর্স	প্রশিক্ষণের সুবিধা আত্মকর্মসংস্থানের সুযোগ	ঐ	১৮-৩৫ বছরের বেকার যুবক ও যুব মহিলা হতে হবে। শিক্ষাগত যোগ্যতা ৫ম শ্রেণী পাশ। স্থানীয় চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ পরিচালিত।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়,	০৭- ১০দিন
১.	১) পারিবারিক হাঁসমুরগী পালন বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	২) ব্রয়লার ও ককরেল পালন বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৩) বাড়ন্ত মুরগী পালন	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৪) ছাগল পালন বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৫) গরু মোটাজাকরণ বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৬) পারিবারিক গাভি পালন বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৭) পশু পাখির খাদ্য প্রস্তুত ও বাজারজাতকরণ বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৮) পশু পাখির রোগ ও ইহার প্রতিরোধ প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৯) কবুতর পালন বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	১০) কাঁচা চামড়া সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণ বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
খ)	মৎস্যচাষ বিষয়ক প্রশিক্ষণ কোর্স	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	১) মৎস্যচাষ বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	২) সমন্বিত মৎস্যচাষ বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৩) মৌসুমী মৎস্যচাষ বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৪) মৎস্য পোনা চাষ (ধানী পোনা বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৫) মৎস্য হ্যাচারি বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৬) প- বন ভূমিতে মৎস্যচাষ বিষয়ক প্রশিক্ষণ)	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৭) গলদা ও বাগদা চিংড়িচাষ বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৮) শুটকি তৈরী ও	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ

	সংরক্ষণ বিষয়ক প্রশিক্ষণ					
--	--------------------------	--	--	--	--	--

গ)	কৃষি বিষয়ক প্রশিক্ষণ কোর্স	প্রশিক্ষণের সুবিধা, আত্মকর্মসংস্থানের সুযোগ	বেকার যুবক ও যুব মহিলা	১৮-৩৫ বছরের বেকার যুবক ও যুব মহিলা হতে হবে। শিক্ষাগত যোগ্যতা ৫ম শ্রেণী পাশ। ১০০ টাকা ভর্তি ফি জমা দিতে হবে। নির্ধারিত তারিখে ভর্তি হতে হবে। স্থানীয় চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ পরিচালিত হবে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়	৭-১০ দিন
	১) বসত বাড়িতে সবজি চাষ বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	২) নার্সারী বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৩) ফুল চাষ বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৪) ফলের চাষ লেবু, কলা, পেপে ইত্যাদি বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৫) কম্পোষ্ট সার তৈরী বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৬) গাছের কলম তৈরী বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৭) ঔষধি গাছের চাষাবাদ বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
ঘ.	বস্ত্র বিষয়ক প্রশিক্ষণ কোর্স	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	১) ব্লক প্রিন্টিং বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	২) বাটিক প্রিন্টিং বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৩) পোষাক তৈরী বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৪) স্ক্রীন প্রিন্টিং বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৫) স্প্রে প্রিন্টিং বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৬) মনিপুরি তাঁত বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
ঙ)	ক্ষুদ্র ও কুটির শিল্প বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	১) কাগজের ব্যাগ ও ঠোঙ্গা তৈরী বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	২) বাশ বেতের সামগ্রী তৈরী বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৩) কাট, মোম বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৪) নকসি কাথা বিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৫) পাটজাত পন্যবিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
	৬) চামড়াজাত পন্য তৈরীবিষয়ক প্রশিক্ষণ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ

	৭) চাইনিজ ও কনফেঞ্চনারী বিষয়ক প্রশিক্ষণ	এ	এ	এ	এ	এ
চ)	অন্যান্য বিষয়ক প্রশিক্ষণ কোর্সঃ	এ	এ	এ	এ	এ
	১) রিক্সা, সাইকেল ভ্যান মেরামত বিষয়ক প্রশিক্ষণ	এ	এ	এ	এ	এ
	২) ওয়েল্ডিং বিষয়ক প্রশিক্ষণ	এ	এ	এ	এ	এ
	৩) ফটোগ্রাফি বিষয়ক প্রশিক্ষণ	এ	এ	এ	এ	এ

৬। ভিশন ৪- যুব উন্নয়ন অধিদপ্তরের ভিশনঃ

- * অনুৎপাদনশীল যুবসমাজকে সুসংগঠিত, সুশৃঙ্খল এবং উৎপাদনমুখী শক্তিতে রূপান্তর করা;
- * দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে যুবদের কর্মসংস্থান কিংবা স্ব-কর্মসংস্থানে নিয়োজিত করা;
- * জাতীয় উন্নয়ন কর্মকাণ্ডে বেকার যুবদের সম্পৃক্ত করা।

৭। মিশন ৪ : যুব উন্নয়ন অধিদপ্তরের মিশনঃ

- * দেশের ৬৪টি জেলা ও ৪৯৫ টি উপজেলা কার্যালয় (১০টি ইউনিট কার্যালয় সহ) এবং ১১১টি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে বেকার যুবদের প্রশিক্ষণ প্রদান করা ;
- * দেশের সকল জেলা ও উপজেলায় ইন্টারনেট সংযোগের মাধ্যমে যুব কার্যক্রমকে জোরদার করা;
- * যুবদের ক্ষমতায়নের নিমিত্ত উদ্বুদ্ধকরণ, প্রশিক্ষণ, ক্ষুদ্রঋণ ও অন্যান্য প্রয়োজনীয় সহায়তার মাধ্যমে তাদের কর্মসংস্থান এবং আত্মকর্মসংস্থানে নিয়োজিত করা সহ তাদেরকে দেশের উন্নয়ন প্রক্রিয়ায় প্রতিটি স্তরে সম্পৃক্ত করা;
- * বেসরকারী সেচ্ছাসেবী যুব সংগঠনের মাধ্যমে গোষ্ঠী উন্নয়নে সহায়তা করার জন্য যুবদের বিভিন্ন গ্রুপে সংগঠিত করা ;
- * স্থানীয় পর্যায়ে যুব সংগঠনের সংখ্যা বৃদ্ধি করা এবং অংশগ্রহণ মূলক উন্নয়ন প্রক্রিয়ায় তাদের অংশগ্রহণ নিশ্চিত করা;
- * যুবদের গণশিক্ষা কার্যক্রম, দুর্যোগ ব্যবস্থাপনা, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, পরিবেশ উন্নয়ন, সম্পদ সংরক্ষণ ইত্যাদি আর্থ-সামাজিক কার্যকলাপে সম্পৃক্তকরণ এবং সমাজবিরোধী কার্যকলাপ রহিতকরণ, মাদক দ্রব্যের অপব্যবহার রোধ, এইচআইবি (এইডস) এবং এসটিডি বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা।
- * যুবদের সিদ্ধান্ত গ্রহণ মূলক প্রক্রিয়ায় অংশগ্রহণে সুযোগ দান।

৮। সক্ষমতা, দুর্বলতা, সম্ভাবনা ও ঝুঁকি

সক্ষমতা (strength)	দুর্বলতা (Weakness)
১. অফিসে জনবলের ঘাটতি নাই। ২. দুইটি কম্পিউটার সচল ৩. কর্মকর্তার মোটর সাইকেল ০১ টি সচল ৪. কর্মকর্তা ও কর্মচারীরা প্রশিক্ষণ প্রাপ্ত ৫। বেকার যুবদের প্রশিক্ষণ কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী পূরণ করা হয় ৬। বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান এবং যুব উন্নয়নের মাধ্যমে ঋণ প্রদান করা হয় ৭। ঋণ আদায়ের হার ৯২% ৮। ইম্প্যাক্ট প্রকল্পের আওতায় বায়োগ্যাস প্লান্ট স্থাপন সম্ভাষণজনক	১. প্রিন্টার ০১টি সচল ও ০১টি অচল ২. মাঠ পর্যায়ে কর্মরত ক্রেডিট সুপারভাইজার দের মোটর সাইকেল নাই ৩. অফিসে ষ্টাফদের বসার জন্য অতিরিক্ত কক্ষের ও আসবাবপত্রের অভাব ৪. উপজেলার বেকার যুব ও যুব মহিলাদের সঠিক তথ্য সংরক্ষণ ব্যবস্থা আছে ৫. উপজেলা পর্যায়ে যুগোপযোগী প্রশিক্ষনের ব্যবস্থা নাই ৬. যুব সংগঠনের সংপৃক্ততা অত্যন্ত মাঝারি ৭. প্রশিক্ষার্থী যুবদের জন্য কোন প্রকার প্রশিক্ষণ ভাতার ব্যবস্থা নাই ৮. যুব সংগঠনের অনুকূলে অনুদান প্রত্যন্ত অপ্রতুল ৯. ইম্প্যাক্ট প্রকল্পের আওতায় বায়োগ্যাস প্লান্ট স্থাপন কারিদের সাবসিডি়র পরিমাণ অত্যন্ত কম।
সম্ভাবনা (Opportreath)	হুমকি (Threat)
১। উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা যুব উন্নয়ন একাডেমী সম্ভাবনা আছে। ২. উর্ধ্বতন কর্মকর্তাগণ নিয়মিত যুব কার্যক্রম পরিদর্শন করেন ৩. প্রশিক্ষণ এবং ঋণ কার্যক্রমে কিছু কিছু এন জি ও এবং	১। ঋণ বিতরণের ক্ষেত্রে কিছুটা রাজনৈতিক চাপ আছে। ২. কর্মকর্তা/কর্মচারীদের দীর্ঘদিন পদোন্নতি না হওয়া ৩. যুব কার্যক্রমে সরকারী আর্থিক বরাদ্দ অপ্রতুল ৪. সরকারী সেবা তকার্যক্রম জনগনের দোরগড়ায় পৌঁচানোর জন্য

৯। চিহ্নিত সমস্যাবলী এবং সমস্যার অগ্রাধিকার র‍্যানকিং :

চিহ্নিত সমস্যা	গুরুত্ব মাত্রা	স্ব উদ্যোগে করতে পারি	সরকারী সহযোগিতায় করতে পারি	বেসরকারী সহযোগিতায় করতে পারি	মোট	র‍্যানকিং
১. অফিসে আসবাব পত্রের অভাব	৩	১	৪	৩	১১	৪র্থ
২. রাজনৈতিক চাপ	২	৩	২	২	০৯	৬ষ্ঠ
৩. অফিস আঙ্গিনায় পানীয় জলের ব্যবস্থা	৩	১	৩	২	০৯	৬ষ্ঠ
৪. শৌচাগার ব্যবহার উপযোগী	৩	২	৩	২	১০	৫ম
৫. নতুন জনবল প্রয়োজন	৪	১	৪	১	১০	৫ম
৬. অনেক যুব সংগঠন নিষ্ক্রিয়	৩	৩	৪	২	১২	৩য়
৭. স্থানীয়ভাবে বেকার যুবদের প্রশিক্ষণার্থী ভাতার ব্যবস্থা নাই	৫	২	৪	৩	১৪	১ম
৮. উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কেন্দ্র নাই	৩	২	৫	৩	১৩	২য়
৯. উপজেলায় ক্রীড়া উন্নয়নে যুব দপ্তরের ভূমিকা সীমিত	৩	২	৪	৩	১২	৩য়

এক নজরে মাদারগঞ্জ উপজেলা প্রকৌশলীর কার্যালয় তথ্য

১। অফিসের নাম : উপজেলা প্রকৌশলীর কার্যালয়, মাদারগঞ্জ, জামালপুর।

২। অফিস পরিচিতি : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, মাদারগঞ্জ, জামালপুর।

৩। অফিসের কার্যক্রম :

ক। পাকা সড়ক নির্মাণ ও রক্ষণাবেক্ষণ।

খ। ব্রীজ/কালভার্ট নির্মাণ ও রক্ষণাবেক্ষণ।

গ। ক্ষুদ্র পানি সম্পদ উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ।

ঘ। অন পেভমেন্ট ও অফ-পেভমেন্ট রক্ষণাবেক্ষণ (এলসিএস)।

ঙ। এমএমটি দ্বারা সড়ক রক্ষণাবেক্ষণ।

চ। উপজেলা পরিষদ ভবন নির্মাণ ও রক্ষণাবেক্ষণ।

ছ। উপজেলা পরিষদের আওতায় আবাসিক ভবনসমূহ নির্মাণ ও রক্ষণাবেক্ষণ।

জ। ইউনিয়ন পরিষদ কমপে- ক্স ভবন নির্মাণ ও রক্ষণাবেক্ষণ।

ঝ। বিভিন্ন প্রকল্পের আওতায় প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণ ও রক্ষণাবেক্ষণ।

ঞ। মুক্তিযোদ্ধা কমপে- ক্স ভবন নির্মাণ।

ট। মুক্তিযোদ্ধাদের জন্য আবাসিক ভবন নির্মাণ।

ঠ। হাট বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ।

ড। Road ও Inventory ও ম্যাপ প্রস্তুত করণ।

ঢ। স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহকে কারিগরী সহায়তা প্রদান।

ণ। উপজেলা পরিষদের আওতায় প্রকল্পসমূহ বাস্তবায়ন ও কারিগরী সহায়তা প্রদান।

৪। অফিসের জনবল কাঠামো : ১(এক) জন উপজেলা প্রকৌশলী, ১(এক) জন উপজেলা সহকারী প্রকৌশলী, ২(দুই) জন উপ-সহকারী প্রকৌশলী, ১(এক) জন নক্সাকার (উপ-সহকারী প্রকৌশলী), ১(এক) জন হিসাব রক্ষক, ১(এক) জন কমিউনিটি অর্গানাইজার, ১(এক) জন হিসাব সহকারী, ১(এক) জন সার্ভেয়ার, ১(এক) জন অফিস সহকারী -কাম-কম্পিউটার অপারেটর, ১(এক) জন অফিস সহকারী, ৪(চার) জন কার্য-সহকারী, ১(এক) জন ইলেকট্রিশিয়ান, ২(দুই) জন অফিস সহায়ক (এমএলএসএস) ও ১(এক) জন নৈশ প্রহরী। সর্বমোট ২০ জন।

অফিস প্রধানের পদবী : উপজেলা প্রকৌশলী

আওতাধীন অফিস : প্রতিটি ইউনিয়নে উপসহকারী প্রকৌশলীর দপ্তর

৫। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) :

১। পাকা সড়ক নির্মাণ ও রক্ষণাবেক্ষণ।

২। ব্রীজ/কালভার্ট নির্মাণ ও রক্ষণাবেক্ষণ।

৩। ক্ষুদ্র পানি সম্পদ উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ।

৪। অন পেভমেন্ট ও অফ-পেভমেন্ট রক্ষণাবেক্ষণ (এলসিএস)।

৫। এমএমটি দ্বারা উপজেলা ও ইউনিয়ন সড়ক রক্ষণাবেক্ষণ।

৬। উপজেলা পরিষদ ভবন নির্মাণ ও রক্ষণাবেক্ষণ।

৭। উপজেলা পরিষদের আওতায় আবাসিক ভবনসমূহ নির্মাণ ও রক্ষণাবেক্ষণ।

৮। ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ ও রক্ষণাবেক্ষণ।

৯। বিভিন্ন প্রকল্পের আওতায় প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণ ও রক্ষণাবেক্ষণ।

১০। মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ।

১১। মুক্তিযোদ্ধাদের জন্য আবাসিক ভবন নির্মাণ।

১২। হাট বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ।

১৩। Road ও Inventory ও ম্যাপ প্রস্তুত করণ।

১৪। স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহকে কারিগরী সহায়তা প্রদান।

১৫। উপজেলা পরিষদের আওতায় প্রকল্পসমূহ বাস্তবায়ন ও কারিগরী সহায়তা প্রদান।

৬। ভিশন

: টেকশই উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জন করা।

৭। মিশন : গ্রামীণ সড়ক, নেট ওয়্যাক, হাট-বাজার, গ্রোথ সেন্টার উন্নয়নের মাধ্যমে গ্রামীণ অর্থনীতিতে গতি সঞ্চার করা এবং সরকারের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সদা তৎপর থাকা।

৮। সক্ষমতা, দুর্বলতা, সম্ভাবনা ও ঝুঁকি (Swot):

<p>শক্তি (Strength)</p> <p>১। দক্ষ, প্রশিক্ষিত, উদ্যমী ও ত্যাগি কর্মী বাহিনী।</p> <p>২। অফিসের কম্পিউটার ও পর্যাপ্ত পরিমাণ কারিগরী যন্ত্রপাতি সচল আছে।</p>	<p>দুর্বলতা (Weakness)</p> <p>১। উন্নয়ন কাজ সঠিকভাবে বাস্তবায়ন করতে গেলে বিভিন্ন প্রকার বাধার সৃষ্টি হয়।</p> <p>২। উন্নয়ন কাজ বাস্তবায়নে যথা সময়ে অর্থ পাওয়া যায় না।</p> <p>৩। কাজের উপযুক্ত সময়ে পরিষদ কর্তৃক সিদ্ধান্ত পাওয়া যায় না।</p> <p>৪। কর্মকর্তা ও কর্মচারীদের যাতায়াতের জন্য গাড়ী, মোটর সাইকেল অপ্রতুলতা।</p> <p>৫। প্রাকৃতিক কারণ বর্ষা ও জলাবদ্ধতা।</p>
<p>সম্ভাবনা (Opportunity)</p> <p>১। তথ্য প্রযুক্তির সহজ লভ্যতা।</p> <p>২। সরকারী বরাদ্দ উত্তর উত্তর বৃদ্ধি পাওয়া।</p>	<p>ঝুঁকি (Threat)</p> <p>১। বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ।</p>

৯। চিহ্নিত সমস্যাবলী এবং সমস্যার অগ্রাধিকার র‍্যাঙ্কিং :

চিহ্নিত সমস্যা	গুরুত্বের মাত্রা	স্বউদ্যোগে করতে পারি	সরকারী সহযোগিতায় করতে পারি	বেসরকারী সহযোগিতায় করতে পারি	মোট	র‍্যাঙ্কিং
১। সঠিক সময়ে বরাদ্দ পাওয়া যায় না।	৩	৩	৪	২	১০	২য়
২। আনুসাংগিক খাতে বরাদ্দ কম পাওয়া যায়।	২	৩	১	৩	৯	৩য়
৩। রাজনৈতিক চাপ	৩	২	১	৪	১০	৩য়
৪। সরেজমিনে কাজ বাস্তবায়নে নানাবিধ সমস্যা	৩	৩	২	১	৯	২য়

এক নজরে মাদারগঞ্জ উপজেলা প্রাণিসম্পদ কার্যালয় তথ্য

১। অফিসের নাম	ঃ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, মাদারগঞ্জ, জামালপুর।
২। অফিসের পরিচিতি	ঃ সেবা প্রতিষ্ঠান
৩। অফিসের কার্যক্রম	ঃ দাতব্য চিকিৎসালয়
৪। অফিসের জনবল কাঠামো	ঃ ৭জন
অফিস প্রধানের পদবী	ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
আওতাধীন অফিস	ঃ বীজবাগ কৃত্রিম প্রজনন পয়েন্ট

৫। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার):

- ১। অসুস্থ গবাদি পশু হাঁস মুরগীর চিকিৎসা ও ব্যবস্থাপত্র প্রদান।
 - (ক) কৃষকের বাড়ীতে/খামারে/চেম্বারে.....
 - (খ) গবাদিপশু ও হাঁস মুরগীর নমুনা পরীক্ষা ও প্রয়োজন বোধে আঞ্চলিক রোগ অনুসন্ধান গবেষণাগারে প্রেরণ করা।
- ২। (ক) গবাদিপশু ও হাঁস মুরগীর টিকাবীজ সরবরাহ ও বিক্রয়।
 - (খ) উন্নতজাতের ঘাসের কাটিং বীজ সরবরাহ প্রাপ্তি স্বাপক্ষে।
- ৩। (ক) প্রযুক্তি হস্তান্তরের নিমিত্তে কৃষক প্রশিক্ষণ গবাদিপশু হাঁস মুরগী পালন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান।
 - (খ) ক্ষুদ্র ঋণ বিতরণের নিমিত্তে কৃষক প্রশিক্ষণ গবাদিপশু হাঁস মুরগী পালন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান।
 - (গ) গবাদিপশু হাঁস মুরগীর রোগাক্রান্ত এলাকা পরিদর্শন/নমুনা সংগ্রহ ও রোগ নির্ণয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
 - (ঘ) ব্যক্তি মালিকানাধীন গবাদিপশু ও হাঁস মুরগীর খামার স্থাপনে উদ্ভুদ্ধ করণ ও রেজিস্ট্রেশনের ব্যবস্থা গ্রহণ।
 - (ঙ) প্রাকৃতিক দুর্যোগ এলাকাধীন স্থানীয় প্রসাশন ও জনপ্রতিনিধি বেসরকারি সেবামূলক প্রতিষ্ঠানের সহযোগিতা।
- গবাদিপশু ও হাঁস মুরগীর জরুরী চিকিৎসায় টিকাদান ও ত্রাণ বিতরণ।
 - (চ) উন্নত জাতের গবাদিপশু ও হাঁস মুরগী খামারী ও কৃষকদের অনুদান প্রদান।
 - (ছ) রোগাক্রান্ত এলাকায় চিহ্নিত করণ ও প্রয়োজনীয় টিকা প্রদানের ব্যবস্থা গ্রহণ।
 - (জ) কৃত্রিম প্রজনন উপকেন্দ্র/পয়েন্টে আনিত গাভী প্রজননের ব্যবস্থা গ্রহণ, গর্ভবর্তী গাভীর গর্ভ পরীক্ষা করণ।

৬। ভিশন: উপজেলা ভিত্তিক প্রাণিসম্পদ খাতে (দুধ, মাংস ও ডিম উৎপাদন) স্বয়ং সম্পূর্ণতা অর্জন এবং এর মাধ্যমে দরিদ্র গ্রামীণ মানুষের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন।

৭। মিশন: ভেটেরিনারি সেবা ও সেবার মান নিশ্চিতকরণ।

- * দক্ষ জনশক্তি গঠন।
- * অবকাঠামোগত উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ।
- * প্রযুক্তিগত জ্ঞানের ব্যবহাে রোগ প্রতিরোধ ও উৎপাদন বৃদ্ধি।
- * মানসম্মত পশু খাদ্যের(ঘাস) সরবরাহ বৃদ্ধি।

৮। সক্ষমতা, দুর্বলতা, সম্ভবনা ও ঝুঁকি(SWOT) :

<p>সক্ষমতা (Strength)</p> <ol style="list-style-type: none"> ১. সীমানা প্রাচীর বেষ্টিত অফিস ভবন। ২. রেজিস্টার্ড চিকিৎসক ও প্রশিক্ষণপ্রাপ্ত কম্পাউন্ডার,ভি,এচফ,এ ;এফ,এ (এ,আই) বিদ্যমান। ৩. নিয়মিত অফিস কার্যক্রম পরিচালনা। ৪. রোগ নির্ণয় ও চিকিৎসা ব্যবস্থা বিদ্যমান। ৫. কৃত্রিম প্রজনন ব্যবস্থা বিদ্যমান। ৬. রোগ প্রতিরোধে টিকা কার্যক্রম বিদ্যমান। ৭. চিকিৎসা সরঞ্জামাদি বিদ্যমান। ৮. উন্নত যোগাযোগ ব্যবস্থা। 	<p>দুর্বলতা (Weakness)</p> <ol style="list-style-type: none"> ১. ঝুঁকিপূর্ণ পুরাতন অফিস ভবন, কৃত্রিম প্রজনন সেড নেই। ২. সরকারি ঔষধ সরবরাহের ঘাটতি। ৩. সরকারি টিকাবীজের ঘাটতি। ৪. পশু খাদ্যের অপ্রতুলতা, নিম্নমান ও উচ্চমূল্য। ৫. খামারীদের প্রযুক্তিগত জ্ঞানের অভাব এবং হাসপাতাল বিমুখী মনোভাব। ৬. দক্ষ জনশক্তির অভাব। ৭. রোগের প্রাদুর্ভাবের উচ্চহার।
<p>সম্ভবনা (Opportunity)</p> <ol style="list-style-type: none"> ১. অবকাঠামোগত উন্নয়ন সাধনের উদ্যোগ গ্রহণ ২. সরকারি প্রকল্প ও এনজিওর মাধ্যমে খামারীদের 	<p>ঝুঁকি(Threat)</p> <ol style="list-style-type: none"> ১. রাজনৈতিক চাপ। ২. অস্থিতিশীল দ্রব্যমূল্য।

<p>প্রশিক্ষণের ব্যবস্থা।</p> <p>৩. দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কম্পাউন্ডার ও ভি,এফ,এ ট্রেনিং এর ব্যবস্থা।</p> <p>৪. অফিস কর্তৃক উন্নত জাতের ঘাসের চারা/কাটিং সরবরাহ।</p> <p>৫. নিয়মিত খামার ভিজিট ও চিকিৎসা প্রদান।</p> <p>৬. গৃহীত কার্যক্রমের মাসিক পর্যালোচনা।</p>	<p>৩. খামারজাত পণ্যের তুলনায় উৎপাদন খরচ বেশি হওয়ায় খামার গড়ে তোলায় অনীহা।</p> <p>৪. বিদেশ থেকে পণ্য (ডিম, দুধ) আমদানি।</p> <p>৫. বিশেষ বিশেষ মৌসমে গবাদিপশু হাঁস মুরগীর মড়ক।</p> <p>৬. প্রাণিসম্পদ খাতে বরাদ্দ নিয়ে অন্য দপ্তর কর্তৃক কাজ করিয়ে নেয়া</p>
-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------	-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------

৯। চিহ্নিত সমস্যাবলী এবং সমস্যার অগ্রাধিকার র‍্যাঙ্কিং:

চিহ্নিত সমস্যা	গুরুত্বের মাত্রা	স্ব-উদ্যোগে করতে পারি	সরকারি সহযোগিতায় করতে পারি	বেসরকারি সহযোগিতায় করতে পারি	মোট	র‍্যাঙ্কিং
১। উপজেলা প্রাণিসম্পদ উন্নয়ন কেন্দ্রে কৃত্রিম প্রজনন সেড নেই।	৩	২	৩	১	৯	৪র্থ
২। বায়োগ্যাস প্ল্যান্টের স্বল্পতা	২	৩	৩	২	১০	৩য়
৩। উন্নত জাতের ঘাসের প্ল্যান্ট নেই	৩	৩	৩	২	১১	২য়
৪। ছাগল পালনে প্রযুক্তিগত জ্ঞানের অভাব।	৩	২	৩	৩	১১	২য়
৫। হাঁস-মুরগী পালনে প্রযুক্তিগত জ্ঞানের অভাব।	৩	২	৩	৩	১১	২য়
৬। গরু মোটাতাজা করনে প্রযুক্তিগত জ্ঞানের অভাব।	৩	২	৩	৩	১১	২য়
৭। গাভী পালনে প্রযুক্তিগত জ্ঞানের অভাব।	৩	২	৩	৩	১১	২য়
৮। গবাদিপশু কৃমি সংক্রমণ	৩	৩	৩	১	১০	৩য়
৯। মুরগী খামারে রোগ বালাই আক্রমণ ও মড়ক	৩	২	৩	১	৯	৪র্থ

এক নজরে মাদারগঞ্জ উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় তথ্য

- ১। অফিসের নাম : জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
মাদারগঞ্জ, জামালপুর।
জনবল কাঠামোতে উপজেলা এলাকায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার পদ আছে। উপজেলা পর্যায়ে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তার নিজ দায়িত্ব পালন করে থাকেন।
- ২। অফিসের কার্যক্রম : উল্লেখযোগ্য কর্মসূচী হল :
আর্থ সামাজিক উন্নয়ন সেবামূলক কার্যক্রমের মধ্যে ভিজিডি, মাতৃত্বকালীন ভাতা প্রদান কার্যক্রম, ক্ষুদ্র ঋণ কার্যক্রম ও বৃত্তিমূলক কার্যক্রম (আপাততঃ বন্ধ) মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে নিবন্ধন প্রাপ্ত স্বেচ্ছাসেবী সংস্থা সমূহকে অনুদান প্রদানে সহায়তা করে। নির্বাচন কমিটি কর্তৃক অর্পিত দায়িত্ব ছাড়া ও জনকল্যাণে সামাজিক বিভিন্ন বিষয়ের উপর সচেতনতা সৃষ্টি করা হয় ও সমস্যা সমাধানের সহায়তা দানসহ সরকারের নির্বাহী আদেশে অন্যান্য দায়িত্ব পালন করা হয়। উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী উপজেলার কোথাও বাল্য বিবাহ সংঘটিত হওয়ার সংবাদ পাওয়া গেলে বাল্য বিবাহ বন্ধে তড়িৎ ব্যবস্থা গ্রহণ।
- ৪। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনচার্টার) :
 - (১) ভিজিডি কার্যক্রম : ভিজিডি কর্মসূচীর আওতাধীন দরিদ্র সীমার নিচে বসবাসকারী মহিলাদের খাদ্য নিরাপত্তাসহ প্রশিক্ষণ প্রদান ও আয়বর্ধক কর্মসূচীতে তাদের জড়িতকরন, এই কার্যক্রমের অধীনে ভিজিডি কার্ডধারী মহিলাদেরকে (ক) দুই বছর ধরে খাদ্য ও আর্থিক সুবিধা প্রদান করা হয় (খ) আয়বর্ধক সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ দেয়া হয় (গ) ভিজিডি চক্র শেষে প্রশিক্ষণ প্রাপ্ত মহিলাদের ঋণ সুবিধা দেওয়া হয়।
 - (২) মাতৃত্বকালীন ভাতা কর্মসূচী :
দরিদ্র মাদের জন্য মাতৃত্বকালীন ভাতা কর্মসূচীর অধিক গ্রামের দরিদ্র গর্ভবতী মায়েদের ৩৫০/- টাকা হারে দুই বছর মেয়াদে মাতৃত্বকালীন ভাতা প্রদান করা হয় এছাড়া সনতান প্রসবের পর মা ও শিশু স্বাস্থ্য সেবার ব্যবস্থা করা হয়।
 - (৩) ঋণ কার্যক্রম : ঋণ কার্যক্রমের আওতায় দুঃস্থ অসহায় ও প্রশিক্ষিত নারীদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়। এ কার্যক্রমের মাধ্যমে বিভিন্ন কর্মসূচীর আওতায় ১০০০ (এক হাজার থেকে) ১৫,০০০/- (পনেরহাজার) টাকা পর্যন্ত সহজ শর্তে প্রদান করা হয়। ঋণ গ্রহীতাদের মূল টাকার সঙ্গে শুধুমাত্র ৫% থেকে ১০% হারে সার্ভিস চার্জ প্রদান করতে হবে।
 - (৪) নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কার্যক্রম : মহিলা ও শিশুদের আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে কমিটি স্থানীয় ভাবে নারী ও শিশু নির্যাতনমূলক অভিযোগের প্রেক্ষিতে প্রয়োজনীয় আইনগত সহায়তা প্রদান করে।
 - (৫) স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন : উন্নয়ন কর্মসূচীতে এবং মহিলা জনগোষ্ঠীর মধ্যে সম্প্রসারণ করার লক্ষ্যে স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন সমূহের নিবন্ধন সুপারিশ করা হয়।
 - (৬) বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রম : বিভিন্ন ধরনের আয়বর্ধক বৃত্তিমূলক ও ব্যবহারিক প্রশিক্ষণের মাধ্যমে মহিলাদের আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করা। সেলাই প্রশিক্ষণ দেওয়া।

(৭) সচেতনতাবৃদ্ধি ও জেডার সমাত মূলক কার্যক্রম : নারী উন্নয়ন ও জেডার সমতা আনয়নে বিভিন্ন জন্মনিবন্ধনে উদ্বুদ্ধ করন, এইসআইভি (এইডস) প্রতিরোধ সচেতনতা বৃদ্ধিসহ নারীর অধিকার রক্ষায় CEDAW সনদ বাস্তবায়নসহ বিভিন্ন দিবস পালন করা।

৬। ভিশন : নারী উন্নয়ন নীতি বাস্তবায়ন করে সর্বস্তরের নারী পুরুষের সমানাধিকার ও অংশগ্রহণে সুযোগ সৃষ্টিকরা। নারীর মানবাধিকার ও মৌলিক স্বাধীনতার বাস্তবায়নে বিভিন্ন উদ্যোগ নেয়া।

৭। মিশন : বাল্য বিবাহ প্রতিরোধ জনগনকে সচেতন করা। নারী ও পুরুষের বৈষম্যতা দূরীকরণ। নারী ও পুরুষের সম অধিকার নিশ্চিতকরণ, নারীদের কারিগরি প্রশিক্ষণ নিশ্চিত করা।

৮। সক্ষমতা, দুর্বলতা, সম্ভবনা ও ঝুঁকি(SWOT) :

সক্ষমতা	দুর্বলতা
১) স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন বৃদ্ধি করা ২) খাদ্য নিরাপত্তাহীন দরিদ্র মহিলাদেও ভিজিডি কর্মসূচীর মাধ্যমে তাহাদেরকে সহায়তা করা। ৩) দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা কর্মসূচীর মাধ্যমে স্বাস্থ্য ও পুষ্টি নিশ্চিত করা। ৪) কারিগরি প্রশিক্ষণের ব্যবস্থা করা।	১) মাঠ পর্যায়ে জনবল নেই। ২) কারিগরি প্রশিক্ষণের অভাব ৩) ইউনিয়ন পর্যায়ে সাংগঠনিক কাঠামো প্রয়োজন ৪) কার্যসম্পাদন ও তদরকীর জন্য যানবাহনের প্রয়োজন। ৫) অফিসের জন্য ল্যাপটপ প্রয়োজন।
সম্ভাবনা	আশংকা
১) স্বেচ্ছাসেবী মহিলা সমিতিতে সক্রিয় করন ২) মহিলা উন্নয়নের জন্য কারিগরি প্রশিক্ষণ দরকার ৩) কর্মজীবী নারীদের শিশুদের জন্য ডে-কেয়ার সেন্টার করা। ৪) কর্মজীবী মহিলাদের জন্য মহিলা হোস্টেল করা	১) নারী উন্নয়নে ধর্মীয় অপব্যখ্যা ২) বাল্য বিবাহবৃদ্ধি ৩) নারী ও শিশু নির্যাতন বৃদ্ধি ৪) যৌন হয়রানী ও ইভটিজিং শিকার।

৯। চিহ্নিত সমস্যাবলী এবং সমস্যার অগ্রাধিকার র্যাঙ্কিং:

চিহ্নিত সমস্যাবলী	অগ্রাধিকার র্যাঙ্কিং
-------------------	----------------------

	গুরুত্বেরমাত্রা	স্বউদ্যোগে করতে পারি	সরকারি সহযোগিতায় করতে পারি	বেসরকারি সহযোগিতায় করতে পারি	মোট	র্যাংকিং
